শিশুশ্রম নিরসনে জাতীয় কর্মপরিকল্পনা (২০২১-২০২৫)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শিশুশ্রম নিরসনে
জাতীয় কর্মপরিকল্পনা (২০২১-২০২৫)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১২ ডিসেম্বর ২০২১

বিষয়সূচি

বিষয়	পৃষ্ঠা
কৃতজ্ঞতা স্বীকার	৪
শব্দসংক্ষেপ ও সংক্ষিপ্ত শব্দ	৫
পটভূমি	৬-৮
নির্বাহী সারসংক্ষেপ	৯-১৪
অধ্যায়-১: বাংলাদেশে শিশুশ্রম	১৫-৩১
১.১ বাংলাদেশের শিশুশ্রম পরিস্থিতি	১৭-২০
১.২ শিশুশ্রমে সঞ্চালক-নিবেশক- উপাদান (driver-push-pull) অন্বেষণ	২০-২৪
১.৩ জাতীয় পর্যায়ে গৃহীত পদক্ষেপ	২৪-৩১
১.৪ কৌশলপত্র ২০১২-২০১৬ থেকে লব্ধ অভিজ্ঞতা	৩১-৩৩
অধ্যায়-২: কৌশলপত্র (২০২১-২০২৫): একটি কৌশলগত পর্যালোচনা	৩৪-৪২
২.১ বাংলাদেশ সরকারের এসডিজি বাস্তবায়ন কৌশলভুক্ত কার্যক্রম	৩৪-৩৭
২.২ শিশুশ্রম নিরসনে এসডিজি-প্লাস কার্যক্রম	৩৭-৩৮
২.৩ ইইউ-জিওবি বাংলাদেশের শ্রমখাত-বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনা (চূড়ান্ত প্রক্রিয়াধীন)	৩৮-৩৯
২.৪ বাংলাদেশের শ্রমখাত-বিষয়ক জিওবি রোডম্যাপ (চূড়ান্ত প্রক্রিয়াধীন)	৩৯
২.৫ সংস্করণান্তরিত কৌশলপত্রের মূলনীতি	৪০
২.৬ পরিচালনকারী সংস্থা এবং অন্যান্য সরকারি ও বাস্তবায়নকারী সংস্থা	৪০
২.৭ কৌশলপত্র ২০২১-২৫-এর বাস্তবায়ন নির্দেশাবলি	৪১
২.৮ কৌশলপত্র ২০২১-২৫-এর ব্যবহার নির্দেশাবলি	৪১-৪২
অধ্যায়-৩: পরিকল্পনা ম্যাট্রিক্স -১ জিওবি'র এসডিজি বাস্তবায়ন পরিকল্পনাভুক্ত কার্যক্রম	৪৩
অধ্যায়-৪: পরিকল্পনা ম্যাট্রিক্স-২ শিশুশ্রম নিরসনে এসডিজি-প্লাস কার্যক্রম	৭৩
অধ্যায়-৫: কোভিড-১৯ অতিমারিপূর্ব ও অতিমারি-উত্তর কার্যক্রম-বিষয়ক নির্দেশনা	১২৫
অধ্যায়-৬: পরিবীক্ষণ ম্যাট্রিক্স	১৩১

কৃতজ্ঞতা স্বীকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাভুক্ত জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ কর্তৃক গঠিত খসড়া প্রণয়ন কমিটি কর্তৃক ‘শিশুশ্রম নিরসনে জাতীয় কর্মপরিকল্পনা ২০২১-২৫’-এর খসড়া প্রণীত হয়। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে উক্ত কমিটির সভাপতি করা হয় এবং সরকারি-বেসরকারি সংস্থার ব্যক্তিবর্গকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা হয় — যার মধ্যে ছিল শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, আইএলও, ইউনিসেফ, ইনসিডিন বাংলাদেশ, সেভ দ্য চিলড্রেন, বাংলাদেশ লেবার ফাউন্ডেশন, স্ট্রিট চিলড্রেন অ্যান্ড চিলড্রেন রাইটস, মানুষের জন্য ফাউন্ডেশন, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এবং বাংলাদেশ শিশু অধিকার ফোরাম। ইনসিডিন বাংলাদেশ জাতীয় কর্মপরিকল্পনা (কৌশলপত্র)’র খসড়া প্রণয়নের ক্ষেত্রে কারিগরি সহায়তা প্রদান করেছে। খসড়া প্রণয়ন কমিটি ১৫ ডিসেম্বর ২০২০ তারিখে কৌশলপত্রের খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করে। অতঃপর, মন্ত্রিপরিষদ বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের মতামত গ্রহণ করা হয়। বিভাগীয় পর্যায়ে সেমিনার-ওয়ার্কশপ আয়োজনের মধ্য দিয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এ-বিষয়ে মাঠপর্যায়ের মতামত সংগ্রহ করে। পরে, এ বিষয়ে অভিমত পাওয়া, সেইসঙ্গে এ কর্মকান্ডে স্বীয়স্বত্ববোধে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করার লক্ষ্যে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন এবং বিষয়টির ওপর ব্যাপক আলোচনা করা হয়। পরবর্তী পর্যায়ে, জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদের দশম সভায় সকল সদস্যের মতামত গ্রহণ করে কৌশলপত্রের খসড়াটিকে আরও সমৃদ্ধ করা হয়। এই খসড়া দলিলটির ওপর আলোচনা-পর্যালোচনার উদ্দেশ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আইএলও’র যৌথ উদ্যোগে জাতীয় পর্যায়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। পরিশেষে, তা অনুমোদনের জন্য ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (TCC)-তে উপস্থাপিত হয়।

কৌশলপত্রের খসড়া প্রণয়নকালে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সার্বিকভাবে গ্রহণযোগ্য ও অন্তর্ভুক্তিমূলক দৃষ্টিভঙ্গি গ্রহণ করে, যার মূলে ছিল - লব্ধ অতীত-অভিজ্ঞতা, এনজিও ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মতামত, সেইসঙ্গে সরকারের ধ্যান-ধারণা। পূর্ববর্তী ‘শিশুশ্রম নিরসনে জাতীয় কর্মপরিকল্পনা ২০১২-১৬’-এর বাস্তবায়ন অভিজ্ঞতা পর্যালোচনা করা হয়। কৌশলপত্র বাস্তবায়নের ক্ষেত্রে ব্যবধান, চ্যালেঞ্জ ও শুদ্ধাচার চিহ্নিত করার ক্ষেত্রে উক্ত পর্যালোচনা সুসংহত ভিত্তি প্রদান করে। এ দলিলের খসড়া প্রণয়নের সময় বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত শিশুশ্রম নিরসন, শিশুর মৌলিক অধিকার নিশ্চিতকরণসহ ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসনে সরকার কর্তৃক গৃহীত বিবিধ প্রকল্প বিবেচনায় নেওয়া হয়। শিশুশ্রম পরিস্থিতির ওপর ইউনিসেফ ও ডিএফআইডির সহায়তায় বিভিন্ন সংস্থা কর্তৃক পরিচালিত সাম্প্রতিক সমীক্ষা ও পর্যালোচনাসমূহ থেকে লব্ধ অভিজ্ঞতা এই দলিলে সমন্বয় করা হয়েছে। আইএলও ক্লিয়ার (CLEAR) প্রকল্পের অভিজ্ঞতার আলোকে, উক্ত কৌশলপত্রে মূল্যবান বিষয়াদি সন্নিবেশ করা হয়েছে। উইনরক ইন্টারন্যাশনাল-এর ক্লাইম্ব (CLIMB) প্রকল্পের আওতায় ইনসিডিন জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদকে প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনাসহ সামগ্রিক কর্মকৌশল বিষয়ক পরামর্শ প্রক্রিয়ায় সুনির্দিষ্টভাবে ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের বিষয়ে সহযোগিতা প্রদান করেছে। নিড অ্যাসেসমেন্ট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক পরিচালিত সমীক্ষা কোভিড-১৯ -এর পটভূমিতে সামগ্রিক প্রেক্ষাপট এবং কৌশলগত বিকল্প তুলে ধরা হয়েছে। সার্বিকভাবে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নেতৃত্বে এটি সরকার, জাতীয় ট্রেড ইউনিয়ন, এমপ্লয়ার্স এসোসিয়েশন, আইএলও, ইউএন, এনজিও, আইএনজিও এবং অন্যান্য উন্নয়ন-অংশীদারের একটি সম্মিলিত ও সমন্বিত প্রয়াস। মাননীয় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এম.পি ও সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এ প্রক্রিয়াকে এগিয়ে নিতে সক্রিয় উদ্যোগ গ্রহণ করেছেন।

বাংলাদেশ সরকারের এসডিজি বাস্তবায়ন পরিকল্পনা থেকে প্রাসঙ্গিক বিষয়াদি ব্যাপকভাবে কৌশলপত্রে সন্নিবেশ করা হয়েছে। এ উদ্যোগ বিস্তৃত পরিসরে সরকারের স্বত্ব প্রতিষ্ঠার সঙ্গে সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা ও উন্নয়ন কৌশল প্রণয়নের ক্ষেত্রে কৌশলপত্রকে মূলধারাভুক্ত করেছে। অধিকন্তু, বর্তমান কৌশলপত্র ২০২১-২০২৫-এর কার্যকর অর্থসংস্থানের লক্ষ্যে বরাদ্দকৃত কিংবা প্রক্রিয়াধীন (pipeline) তহবিল অনুসরণ এবং এর ব্যবহার নিশ্চিতকরণে এ দলিল কাজ করেছে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছে এবং বাংলাদেশে শিশুশ্রম নিরসনে কৌশলপত্র ২০২১-২৫-এর কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে সকলের সহযোগিতা ও ঐকান্তিক সংহতি কামনা করছে।

আহবায়ক
জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ

শব্দসংক্ষেপ ও সংক্ষিপ্ত শব্দ

BNWLA	Bangladesh National Women Lawyers Association
CD	Cabinet Division
CLMC	Child Labour Monitoring Committee
CRC	The United Nations Convention on the Rights of the Child 1989
CSR	Corporate Social Responsibility
DoL	Department of Labour
DC	Deputy Commissioner
DIFE	Department for Inspection of Factory and Establishment
IGA	Income Generating Activities
INCIDIN Bangladesh	Integrated Community and Industrial Development in Bangladesh
ILO	International Labour Organisation
INGO	International Non-Governmental Organisation
M&E	Monitoring and Evaluation
MoLE	Ministry of Labour and Employment
MoA	Ministry of Agriculture
MoE	Ministry of Education
MoEWOE	Ministry of Expatriates' Welfare & Overseas Employment
MoFA	Ministry of Foreign Affairs
MoF	Ministry of Finance
MoHFW	Ministry of Health and Family Welfare
MoHA	Ministry of Home Affairs
MoInf	Ministry of Information
MoICT	Ministry of Information and Communication Technology
MoLJPA	Ministry of Law, Justice and Parliamentary Affairs
MoLGRDC	Ministry of Local Government, Rural Development and Cooperation
MoP	Ministry of Planning
MoPME	Ministry of Primary and Mass Education
MoRA	Ministry of Religious Affairs
MoSW	Ministry of Social Welfare
MoWCA	Ministry of Women and Children Affairs
MoFDM	Ministry of Food and Disaster Management
MoYS	Ministry of Youth and Sports
NGO	Non-Governmental Organisation
NCLEP	National Child Labour Elimination Policy
NCLWC	National Child Labour Welfare Council
NPA	National Plan of Action
PPP	Public-Private Partnership
PS	Police Station (Thana)
SAARC	South Asian Association for Regional Cooperation
SDG	Sustainable Development Goal
UNICEF	United Nations Children's Fund

পটভূমি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বাংলাদেশের শিশুশ্রম সংক্রান্ত সমস্যা নিরসনকল্পে নয়টি প্রধান কৌশলগত ক্ষেত্র নির্ধারণক্রমে 'জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০' প্রণয়ন করে। কৌশলগত ক্ষেত্রগুলো হল:

১. নীতি-বাস্তবায়ন ও প্রাতিষ্ঠানিক উন্নয়ন
২. শিক্ষা
৩. স্বাস্থ্য ও পুষ্টি
৪. সামাজিক সচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ
৫. আইন প্রণয়ন ও প্রয়োগ
৬. কর্মসংস্থান ও শ্রমবাজার
৭. শিশুশ্রম প্রতিরোধ এবং শ্রমে নিযুক্ত শিশুদের সুরক্ষা
৮. সমাজ ও পরিবারে পুনঃএকীভূতকরণ
৯. গবেষণা ও প্রশিক্ষণ

'জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০' প্রাথমিকভাবে শিশুদের জীবনে অর্থবহ পরিবর্তন ঘটানোর লক্ষ্যে তাদের সবাইকে ঝুঁকিপূর্ণ শিশুশ্রমসহ সর্বপ্রকারের শিশুশ্রম থেকে মুক্ত করার ক্ষেত্রে প্রারম্ভিক উদ্যোগ গ্রহণে পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করে। ২০১২ থেকে ২০১৬ পর্যন্ত মেয়াদে কৌশলপত্রের লক্ষ্য ছিল 'জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০'-এর দিকনির্দেশনা বাস্তবায়ন এবং মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/সহযোগী সংস্থাগুলোর মধ্যে সুবিন্যস্তভাবে করণীয় সুনির্দিষ্টকরণ। সরকার জ্ঞাত রয়েছে যে, শিশুশ্রম একটি বিভিন্ন খাত সংশ্লিষ্ট সমস্যা, যা নিরসনে বহুমাত্রিক কর্মকৌশল গ্রহণ ও পন্থাবলম্বন প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে কৌশলপত্র ২০১২ - ২০১৬ মোট ২২টি মৌলিক লক্ষ্য সুপারিশ করেছে, যা অর্জনের ক্ষেত্রে ১১টি মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন- এবং সহায়তাকারী/ সহযোগিসংস্থা-সমূহ ৬৬টি সুনির্দিষ্ট কার্যক্রম সম্পাদন করবে। 'জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০'-এর সফল বাস্তবায়ন নিশ্চিতকরণের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের একটি অঙ্গীকার হিসেবে কৌশলপত্র গৃহীত হয়েছে। শিশুশ্রম নিরসন নীতি ২০১০-এ গুরুত্ব পাওয়া নয়টি কৌশলগত ক্ষেত্রের ওপর কৌশলপত্র আলোকপাত করেছে।

জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, কৌশলপত্র ২০১২-২০১৬ -এর নির্দিষ্ট মেয়াদ সমাপ্তিতে, উক্ত কৌশলপত্রের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাক্রমে তা হালনাগাদ করার সিদ্ধান্ত গ্রহণ করে। তবে, সরকার ও সুশীল সমাজের সমন্বিত কর্মগতি অব্যাহত রাখতে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ কৌশলপত্রের মেয়াদ ২০২৫ সাল কিংবা নতুন কৌশলপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তা বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করে। ইতোমধ্যে, এমডিজি'র সফল বাস্তবায়নের পর বাংলাদেশ এসডিজি বাস্তবায়নের বৈশ্বিক অঙ্গীকারের প্রতি সমর্থন জানায়। এ উদ্যোগেও ২০২৫ সালের মধ্যে দেশ থেকে সকল প্রকার শিশুশ্রম নিরসনের ক্ষেত্রে জোর দেওয়া হয়। এ বাধ্যবাধকতা প্রতিপালনে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদের সদস্যগণ এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকাখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি সমন্বয়ে একটি খসড়া প্রণয়ন কমিটি গঠন করা হয়। উক্ত খসড়া প্রণয়ন কমিটি, সংশ্লিষ্ট অংশিজনদের সম্পৃক্ত করে পরামর্শ-প্রক্রিয়ার মধ্য দিয়ে কৌশলপত্রের খসড়া প্রণয়নপূর্বক তা চূড়ান্তকরণ ও অনুমোদনের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর করে।

বিদ্যমান শিশুশ্রম কর্মসূচি ও কার্যক্রমের অধিকাংশই হচ্ছে প্রধানত শিক্ষা ও প্রশিক্ষণভিত্তিক এবং বৈশিষ্ট্যে পুনর্বাসন নির্ভর। এরূপ কর্মোদ্যোগ সমাজে দৃশ্যমান নানাবিধ সমস্যা প্রতিকারের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করে। অন্যদিকে অধিকাংশ সমস্যার মূলে রয়েছে দারিদ্র্য এবং এ পরিপ্রেক্ষিতে সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। অধিকন্তু, অপ্রাতিষ্ঠানিক খাতে শিশুশ্রম লক্ষ্যণীয়ভাবে

বিদ্যমান, কিন্তু প্রয়োজনীয় কর্মোদ্যোগ সেখানে সামান্য। সেইসঙ্গে শ্রম আইন ও তৎসংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের ভূমিকা সেক্ষেত্রে নিতান্তই নগণ্য অথবা অধিকাংশ ক্ষেত্রেই তা অনুপস্থিত। সে কারণে, এর মধ্যকার কিছু সমস্যা সমাধানের লক্ষ্যে কৌশলপত্র সতর্কতার সঙ্গে প্রয়োজনানুগ ব্যবস্থা ও প্রায়োগিক কর্মকৌশল গ্রহণ এবং অপ্রাতিষ্ঠানিক খাতকে অগ্রাধিকার প্রদানক্রমে তা অন্তর্ভুক্ত করেছে। উপরন্তু, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ -এর শ্রেণী বিভাগের ভিত্তিতে কৌশলপত্রে সুচিন্তিতভাবে দুটি শ্রেণীর শিশুশ্রমের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে: : ক) কাজে নিয়োজিত চৌদ্দ বছরের কম বয়সী শিশু; এবং খ) ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শ্রমে নিযুক্ত আঠারো বছরের কম বয়সী শিশু।

গুরুত্বের সঙ্গে লক্ষ্যণীয় যে, কৌশলপত্র ২০১২-২০১৬ -তে পরিবীক্ষণ ও মূল্যায়নকে একটি পৃথক কৌশলগত অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করা ছিল না। এর প্রত্যাশা ছিল, বাস্তবায়ন সংক্রান্ত বাস্তবতা অনুধাবনে আউটপুট ৯.১ যথেষ্ট সক্ষম হবে। প্রকৃতপক্ষে, তা অপর্যাপ্ত প্রতীয়মান হওয়ার পরিপ্রেক্ষিতে পরিবীক্ষণের ওপর একটি পৃথক অধ্যায় নতুন কৌশলপত্র ২০২১-২০২৫ -এ সংযোজন করা হয়েছে।

বাংলাদেশ সরকার সর্বপ্রকার, বিশেষ করে, ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শিশুশ্রম প্রতিরোধ, সুরক্ষা ও নিরসনে নানা উদ্যোগ গ্রহণ করেছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আন্তরিকতার সঙ্গে মাঠ প্রশাসন, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, আইএলও এবং এনজিওদের সঙ্গে সমন্বিত প্রয়াসে কৌশলপত্র বাস্তবায়ন এবং ২০২৫ সালের মধ্যে শিশুশ্রম নিরসনে এসডিজি ৮.৭ -এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০ এবং তা বাস্তবায়নার্থে গৃহীত জাতীয় কর্মপরিকল্পনার পরিবীক্ষণ, বাস্তবায়ন-অগ্রগতির মূল্যায়ন এবং শিশুশ্রম নিরসনে যথোপোযুক্ত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (মাননীয় প্রতিমন্ত্রির সভাপতিত্বে), বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে), জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (জেলা প্রশাসকের সভাপতিত্বে) এবং উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে) গঠন করা হয়েছে। । শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সামাজিক সংলাপ এবং ত্রিপক্ষীয় পরামর্শের মধ্য দিয়ে শিশুদের জন্য নিকৃষ্ট ধরনের শ্রম ঘোষণাপূর্বক গত ৫ মার্চ ২০১৩ তারিখে একটি তালিকা প্রস্তুতকরত এর গেজেট প্রজ্ঞাপন জারি করে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় একটি শিশুশ্রম ইউনিট প্রতিষ্ঠিত হয়। উক্ত মন্ত্রণালয়ের রাজস্ব বাজেট থেকে ২০১৭-১৮ অর্থ-বছরে ৪০.০০ লক্ষ টাকা ২০১৮-১৯ অর্থ-বছরে ১৩.২০ লক্ষ টাকা, ২০১৯-২০ অর্থ-বছরে ৩৯.০০ লক্ষ টাকা এবং ২০২০-২১ অর্থ-বছরে ২৯.৬০ লক্ষ টাকা বিভাগীয় ও জেলা পর্যায়ের কমিটিগুলোর অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকগণ নিয়মিতভাবে শিশুশ্রম পরিস্থিতি পরিবীক্ষণ এবং আইন লঙ্ঘনের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করে থাকেন। তারা শ্রম আদালতে শিশুশ্রমের ওপর মামলা দায়ের করেন। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় 'বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন' শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করছে এবং সফলভাবে এর তিনটি পর্যায় সম্পন্ন করেছে যার মধ্য দিয়ে ৯০,০০০ শিশুকে ঝুঁকিপূর্ণ শ্রম থেকে সরিয়ে এনে পুনর্বাসনের লক্ষ্যে তাদেরকে উপানুষ্ঠানিক শিক্ষা এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য ৫,০০০ পিতা-মাতাকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। বর্তমানে, জানুয়ারি ২০১৮ থেকে প্রকল্পটির ৪র্থ পর্যায় চলমান রয়েছে, যার প্রক্কলিত ব্যয় ২,৮৪,৪৯,০০০ টাকা। এই ৪র্থ পর্যায়ের লক্ষ্য হলো নিকৃষ্ট ধরনের শ্রম থেকে এক লক্ষ শিশুকে সরিয়ে আনা। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি ২০১৫ প্রণয়ন করা হয়েছে যা শিশু-গৃহপরিচারিকাদের ক্ষেত্রেও প্রযোজ্য। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ – উল্লিখিত বয়সসীমা গৃহকর্মী নিয়োগের ক্ষেত্রে বলবৎযোগ্য হবে এবং ১৪ বছরের কম বয়সের কাউকে গৃহকর্মী হিসেবে নিয়োগ করা যাবে না। এই 'নীতি' প্রণয়নের মধ্য দিয়ে দেশের ২৫ লাখের অধিক গৃহকর্মীর মানবাধিকার এবং শ্রমিক অধিকার নিশ্চিত হয়েছে। শিশুশ্রমের ওপর একটি সংক্ষিপ্ত টিভি স্পট তৈরি করা হয়েছে যা বিভিন্ন গণমাধ্যমে প্রদর্শিত হচ্ছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় গণসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বহুবিধ সেমিনার, কর্মশালা ও সভা আয়োজন করেছে। পরিদর্শন, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বিভিন্ন খাতকে শিশুশ্রমমুক্ত করার লক্ষ্যে একটি 'জাতীয় পরিবীক্ষণ কোর কমিটি' গঠন করা হয়েছে।

এ সকল প্রচেষ্টার ফলে ৮টি প্রাতিষ্ঠানিক খাত শিশুশ্রমমুক্ত হয়েছে, যার মধ্যে রয়েছে ৫টি ঝুঁকিপূর্ণ খাত। উল্লিখিত ৮টি খাত হচ্ছে: তৈরি পোশাক, চিংড়ি প্রক্রিয়াজাতকরণ, চামড়া, কাঁচশিল্প, জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ, সিল্ক উৎপাদন কারখানা, সিরামিক এবং রপ্তানিমুখী চামড়াজাত পণ্য ও পাদুকা।

বাংলাদেশের জাতীয় জীবনে ২০২১ একটি অত্যন্ত গুরুত্ববহ বছর। দেশ ‘জাতির পিতার জন্মশতবর্ষ’ এবং ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তী’ উদযাপন করছে। আমরা সবেমাত্র ‘প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২১’ সম্পন্ন ও দ্বিতীয় ‘প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১’ প্রণয়ন করেছি এবং দ্বিতীয়টির বাস্তবায়ন ‘৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা’ -এর মধ্য দিয়ে এ বছরই শুরু করেছি। উপরন্তু, আমরা ‘ডেলটা প্লান’ বাস্তবায়নও এ বছর শুরু করেছি। দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনার সঙ্গে সঙ্গতি রেখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় একটি হালনাগাদ কৌশলপত্র প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে যার লক্ষ্য হচ্ছে - শিশুশ্রম নিরসন; অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়ন নিশ্চিত করা; এসডিজি’র শ্লোগান - ‘কাউকে পশ্চাতে রেখে নয় ’ অনুসরণ; এবং দেশের সকল শিশুর প্রতি মানবিক আচরণ নিশ্চিত করা । শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, আইএলও ও ইইউ সহযোগে দ্যা ন্যাশনাল অ্যাকশন প্লান অন লেবার সেক্টর ইন বাংলাদেশ ২০২১-২০২৬ প্রণয়ন করেছে, যেখানে শিশুশ্রম নিরসনসহ নয়টি কর্মপরিসর ব্যাপক কর্মতৎপরতা পরিচালনার ক্ষেত্র হিসাবে চিহ্নিত করা হয়েছে।

নির্বাহী সার-সংক্ষেপ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ কর্তৃক গঠিত খসড়া প্রণয়ন কমিটি কর্তৃক শিশুশ্রম নিরসনে জাতীয় কর্মপরিকল্পনা, ২০২১-২৫-এর খসড়া প্রণীত হয়। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিচালককে উক্ত কমিটির সভাপতি করা হয় এবং সরকারি-বেসরকারি সংস্থার ব্যক্তিবর্গ এ কমিটিতে অন্তর্ভুক্ত হন – যার মধ্যে ছিল শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, আইএলও, ইউনিসেফ, ইনসিডিন বাংলাদেশ, সেভ দ্য চিলড্রেন, বাংলাদেশ লেবার ফাউন্ডেশন, স্ট্রিট চিলড্রেন অ্যান্ড চিলড্রেন রাইটস, মানুষের জন্য ফাউন্ডেশন, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এবং বাংলাদেশ শিশু অধিকার ফোরাম। ইনসিডিন বাংলাদেশ কৌশলপত্রের খসড়া প্রণয়নের ক্ষেত্রে কারিগরি সহায়তা প্রদান করেছে। খসড়া প্রণয়ন কমিটি ১৫ ডিসেম্বর ২০২০ তারিখে কৌশলপত্রের খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করে। অতঃপর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় মন্ত্রিপরিষদ বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের মতামত গ্রহণ করে। বিভাগীয় পর্যায়ে সেমিনার-ওয়ার্কশপ আয়োজনের মধ্য দিয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এ বিষয়ে মাঠপর্যায়ের মতামতও সংগ্রহ করে। পরে, এ বিষয়ে অভিমত গ্রহণ, সেইসঙ্গে এ কর্মকাণ্ডে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্তকরণের লক্ষ্যে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন এবং বিষয়টির ওপর ব্যাপক আলোচনা করা হয়। পরবর্তী পর্যায়ে, জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদের দশম সভায় সকল সদস্যের মতামত গ্রহণ করে কৌশলপত্রের খসড়াটিকে আরও সমৃদ্ধ করা হয়। এই খসড়া দলিলটির ওপর আলোচনা-পর্যালোচনার উদ্দেশ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আইএলও'র যৌথ উদ্যোগে জাতীয় পর্যায়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। পরিশেষে, তা অনুমোদনের জন্য ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (টিসিসি)-তে উপস্থাপন করা হয়। বিদ্যমান প্রেক্ষাপট বিশ্লেষণ এবং পূর্ববর্তী কৌশলপত্র ২০১২-১৬-এর বাস্তবায়নলব্ধ অভিজ্ঞতার ওপর ভিত্তি করে, বর্তমান কৌশলপত্রের কৌশলগত উদ্দেশ্যেসমূহ নিরূপণ করা হয়েছে। কৌশলপত্র প্রণয়নের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের এসডিজি বাস্তবায়ন পরিকল্পনা অনুসরণ করা হয়েছে। একইসঙ্গে, বর্তমান কৌশলপত্র শিশুশ্রম মোকাবেলার ক্ষেত্রে বাংলাদেশ সরকারের এসডিজি বাস্তবায়ন কৌশলের প্রাসঙ্গিক কার্যক্রম চিহ্নিত করে। উল্লেখ্য, বর্তমান কৌশলপত্রের ভিত্তি হচ্ছে দু'টি মূল কৌশলগত উপাদান:

১) বাংলাদেশ সরকার (জিওবি)-এর এসডিজি বাস্তবায়ন কৌশলভুক্ত কার্যক্রম; এবং
২) শিশুশ্রম নিরসনে এসডিজি-প্লাস কার্যক্রম ।

বর্তমান কৌশলপত্র ২০২১-২০২৫ বাস্তবায়নের জন্য ইতোমধ্যে বরাদ্দকৃত বা প্রক্রিয়াধীন অর্থসম্পদের প্রবাহ অনুসরণ ও ব্যবহারের জন্যও কাজ করছে। এসডিজি বাস্তবায়ন কৌশলের মধ্যে হস্তক্ষেপণযোগ্য পাঁচটি কৌশলগত ক্লাস্টার রয়েছে -শিশুশ্রম মোকাবেলার ক্ষেত্রে যা প্রাসঙ্গিক। বর্তমান কৌশলপত্র ২০২১-২০২৫ জিওবি'র এসডিজি বাস্তবায়ন কৌশলপত্রে প্রতিফলিত পাঁচটি উদ্দেশ্যকে ঘিরে প্রণীত হয়েছে। কোভিড-১৯ কালীন ও পরবর্তী পর্যায়ে শিশুশ্রম মোকাবেলার লক্ষ্যে কৌশলপত্রে একটি কৌশলগত রূপরেখা অন্তর্ভুক্ত রয়েছে।

কৌশলপত্র ২০২১-২০২৫ -এর পাঁচটি মূল কৌশলগত উদ্দেশ্য রয়েছে:

- কৌশলগত উদ্দেশ্য - ১ শিশুশ্রমে নিযুক্ত হবার ঝুঁকি হ্রাস
- কৌশলগত উদ্দেশ্য - ২ ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শ্রম থেকে শিশুদের প্রত্যাহার
- কৌশলগত উদ্দেশ্য - ৩ কর্মক্ষেত্রে শিশুদের সুরক্ষার লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি
- কৌশলগত উদ্দেশ্য - ৪ অংশীদারিত্ব এবং বহু-খাতভিত্তিক কর্মসম্পৃক্তি
- কৌশলগত উদ্দেশ্য - ৫ কৌশলপত্রের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন

উল্লিখিত প্রতিটি উদ্দেশ্যের ক্ষেত্রে কতিপয় পরিকল্পিত আউটপুট রয়েছে। আশা করা যায়, এ সকল আউটপুট ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম এবং ২০২৫ সালের মধ্যে সর্বপ্রকার শিশুশ্রম নিরসনে অবদান রাখবে।

কৌশলগত উদ্দেশ্য ১-এর আওতাভুক্ত আউটপুটগুলো নিম্নরূপ:

আউটপুট: ১.১ পিতা-মাতা, জনসাধারণ, সুশীল সমাজের মধ্যে শিশুশ্রমের বিষয়ে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি।

আউটপুট: ১.২ গ্রামীণ ও শহুরে কেন্দ্রগুলোর দরিদ্র পরিবারের শিশুদের জন্য বিশেষ বিদ্যালয়-সুবিধা সহকারে উদ্বুদ্ধকরণ ও আর্থিক সহায়তা/উপবৃত্তির ব্যবস্থা গ্রহণ (TVET, NFE)।

আউটপুট: ১.৩ শিশুশ্রমের ঝুঁকিতে থাকা শিশুর পরিবারগুলোর অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে সহায়তা প্রদান।

আউটপুট: ১.৪ নিয়োগকর্তাদের নতুন/বিকল্প প্রযুক্তি ও শ্রম-উৎস অন্বেষণে উদ্বুদ্ধকরণ।

আউটপুট: ১.৫ কেন্দ্র থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত শিশুশ্রম পরিবীক্ষণ ও মোকাবেলার জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

কৌশলগত উদ্দেশ্য ২-এর আওতাভুক্ত আউটপুটগুলো নিম্নরূপ:

আউটপুট: ২.১ ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের তালিকা পর্যালোচনা এবং তা হালনাগাদকরণ।

আউটপুট: ২.২ চিহ্নিতকরণ ও সেবা-সংযোগ নির্দেশিকা গ্রহণ করা।

আউটপুট: ২.৩ ঝুঁকিপূর্ণ শিশুশ্রমে নিয়োজিত শিশু এবং শিশুশ্রমে নিয়োজিত মেয়েদের অগ্রাধিকার দিয়ে শ্রম থেকে প্রত্যাহারকৃত শিশুদেরকে টিভেট/এনএফই এবং বিকল্প কর্ম-নিযুক্তিসহ অর্থনৈতিক ও সামাজিক সহায়তা প্রদান।

আউটপুট: ২.৪ পিতা-মাতার যত্নহীন শিশুদের জন্য আশ্রয়ের ব্যবস্থা করা।

আউটপুট: ২.৫ প্রত্যাহারকৃত শিশুদের পরিবারকে অর্থনৈতিক ক্ষমতায়নের জন্য সহায়তা প্রদান।

কৌশলগত উদ্দেশ্য ৩-এর আওতাভুক্ত আউটপুটগুলো নিম্নরূপ:

আউটপুট: ৩.১ শিশুশ্রম পরিবীক্ষণের জন্য প্রতিষ্ঠানগুলোকে অপ্রাতিষ্ঠানিক খাত সহযোগে শক্তিশালীকরণ।

আউটপুট: ৩.২ আইন ও সুরক্ষা বিষয়ক বিধানসমূহের প্রয়োগ জোরদারকরণ।

আউটপুট: ৩.৩ শ্রমে নিয়োজিত শিশুদের সুস্থ বিকাশের জন্য শিক্ষা, দক্ষতা ও অর্থনৈতিক সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে তাদের সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ।

আউটপুট: ৩.৪ অপ্রাতিষ্ঠানিক খাতে শিশুদের জন্য প্রণীত আচরণ-বিধি ও গৃহীত সুরক্ষা রীতি-নীতি জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করা।

কৌশলগত উদ্দেশ্য ৪-এর আওতাভুক্ত আউটপুটগুলো নিম্নরূপ:

আউটপুট: ৪.১ শ্রমে নিয়োজিত শিশুদের কল্যাণার্থে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (NCLWC)-এর মাধ্যমে সংশ্লিষ্ট অংশীজন ও খাতসমূহের মধ্যে সমন্বয়সাধন।

আউটপুট: ৪.২ কৌশলপত্রের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক সম্মেলন আয়োজন (সাফল্য উদযাপন এবং কৃতীদেরকে পুরস্কার/ স্বীকৃতি প্রদান)।

আউটপুট: ৪.৩ সম্পদ আহরণ ও কৌশলপত্র বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, সিএসও, ব্যক্তি খাত ও গণমাধ্যমের সম্পৃক্ততা বৃদ্ধি করা।

কৌশলগত উদ্দেশ্য ৫-এর আওতাভুক্ত আউটপুটগুলো নিম্নরূপ:

আউটপুট: ৫.১ শিশুশ্রমের ডেটাবেজ তৈরি করা।

আউটপুট: ৫.২ জাতীয় শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পর্যাবৃত্ত পরিবীক্ষণ সম্পাদন ও প্রতিবেদন প্রদান।

আউটপুট: ৫.৩ জাতীয় শিশুশ্রম জরিপ।

আউটপুট: ৫.৪ এপিএ বাস্তবায়নের মধ্য-মেয়াদি (২০২১) এবং চূড়ান্ত (২০২৫) মূল্যায়ন।

বিভিন্ন পরামর্শ গ্রহণ প্রক্রিয়ায় লব্ধ পরামর্শ অনুসারে, এসডিজি মাইল-ফলকগুলোর সঙ্গে সামঞ্জস্য রেখে বর্তমান কৌশলপত্র দুটি প্রাথমিক লক্ষ্য গ্রহণ করেছে: প্রথমত, ২০২১ সালের মধ্যে নিকৃষ্ট ধরনের শিশুশ্রম নিরসন এবং দ্বিতীয়ত, ২০২৫ সালের মধ্যে সকল প্রকার শিশুশ্রম নিরসন। এ কারণে বাংলাদেশ সরকারের (জিওবি)[১] এসডিজি বাস্তবায়ন পরিকল্পনার সঙ্গে কৌশলপত্র সামঞ্জস্যপূর্ণ।

[১] লক্ষ্যমাত্রা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগসমূহের এসডিজি বাস্তবায়ন কর্মপরিকল্পনা. যা ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং তৎপরবর্তী পর্যায়ের ক্ষেত্রেও সমন্বিত রয়েছে; সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি), (দরিদ্র জনগোষ্ঠির প্রবৃদ্ধির লক্ষ্যে কাজ করছে)। বাংলাদেশ পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার (জিওবি), ২০১৮।

কৌশলপত্র ২০২১-২০২৫ দুই ধরণের কার্যক্রমকে অন্তর্ভুক্ত করেছে; যা হলো: (১) বাংলাদেশ সরকারের এসডিজি বাস্তবায়ন পরিকল্পনায় নিহিত কার্যক্রম, এবং (২) এসডিজি-প্লাস কার্যক্রম । নিম্নবর্ণিত ছকে কৌশলপত্রের কৌশলগত উদ্দেশ্য ও আউটপুটগুলোর সঙ্গে এসডিজি'র লক্ষ্যসমূহেরর আন্তঃসংযোগ উপস্থাপন করা হয়েছে।

কৌশলপত্র ২০২১-২০২৫ এবং এসডিজি-লক্ষ্যসমূহ:

কৌশলপত্র (২০২১-২০২৫)	এসডিজি-লক্ষ্যসমূহ	ফোকাল অ্যাজেন্সি
কৌশলগত উদ্দেশ্য - ১ শিশুশ্রমে ক্ষতিগ্রস্ততা হ্রাসকরণ		
আউটপুট : ১.১	৮.৭.১, ৪.১.১, ১৬.১০.২	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়
আউটপুট : ১.২	৮.৭.১, ৪.৫.১, ৪.২.১-৪.২.৬, ৪.২১, ৪.৩১,৪.৫.১, ৪.৬.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়
আউটপুট : ১.৩	৮.৭.১, ১.১.১, ১.২.২, ১.৩.১, ১.৪.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ
আউটপুট : ১.৪	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ১.৫	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কৌশলগত উদ্দেশ্য - ২ ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শ্রম থেকে শিশুদের প্রত্যাহার		
আউটপুট : ২.১	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ২.২	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ২.৩	৮.৭.১, ৪.৩.১, ১.১.১, ১৬.২.২	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আউটপুট : ২.৪	৫.৪.১	সমাজকল্যাণ মন্ত্রণালয়
আউটপুট : ২.৫	১.১.১	মন্ত্রিপরিষদ বিভাগ
কৌশলগত উদ্দেশ্য - ৩ কর্মক্ষেত্রে শিশুদের সুরক্ষার লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি		
আউটপুট : ৩.১	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৩.২	৮.৭.১, ৪.এ.১, ৫.১.১, ৫.২.১, ৫.৩.১, ৫.সি.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
আউটপুট : ৩.৩	৮.৭.১, ৪.৬.১, ৫.৪.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়
কৌশলগত উদ্দেশ্য - ৪ অংশীদারিত্ব এবং বহু-খাতভিত্তিক কর্মসম্পৃক্তি		
আউটপুট : ৪.১	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৪.২	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৪.৩	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কৌশলগত উদ্দেশ্য - ৫ কৌশলপত্রের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন		
আউটপুট : ৫.১	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৫.২	৮.৭.১ , ১৭.১৮.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
আউটপুট : ৫.৩	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৫.৪	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সরকারের এসডিজি-কর্মপরিকল্পনায় যে বিষয়গুলো অন্তর্ভুক্ত হয়নি কিন্তু বাংলাদেশ থেকে ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম এবং ২০২৫ সালের মধ্যে সর্বপ্রকারের শিশুশ্রম নিরসনের লক্ষ্য অর্জনের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ সে বিষয়গুলো পূর্বোক্ত কৌশলপত্র (২০১২-২০১৬)-এর ধারাবাহিকতায় কৌশলপত্র ২০২১-২৫-এর আওতায় এসডিজি-প্লাস কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে।

জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০ অনুসারে কৌশলপত্র ২০১২-২০১৬'র মধ্যে নয়টি হস্তক্ষেপণযোগ্য কর্মকৌশলগত ক্ষেত্র সন্নিবেশিত হয়েছে। নয়টি হস্তক্ষেপণযোগ্য কর্মকৌশলের ক্ষেত্র-সংশ্লিষ্ট মূল আউটপুটগুলোর একটি সংক্ষিপ্ত তালিকা নিম্নরূপ:

কর্মকৌশলগত ক্ষেত্র এবং আউটপুট

১. নীতি বাস্তবায়ন ও প্রাতিষ্ঠানিক উন্নয়ন

১.১ কৌশলপত্র এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের তালিকা পর্যালোচনাপূর্বক হালনাগাদকৃত।

১.২ শিশুশ্রম নিরসন সংক্রান্ত নীতি বাস্তবায়িত, পরিবীক্ষিত ও মূল্যায়িত।

১.৩ কৌশলপত্রের কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিপ্রাপ্ত।

২. শিক্ষা

২.১ শিশুশ্রমিক ও দরিদ্র শিশুশ্রমিকদের জন্য শিক্ষার সুযোগ-সুবিধা নিশ্চিত।

২.২ কিশোরশ্রমিক এবং তাদের পিতা-মাতাদের কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের সুযোগ নিশ্চিত ।

২.৩ প্রশিক্ষণ ও সামাজিক সংযোগের মধ্য দিয়ে শিশুর ক্ষমতায়ন ।

৩. স্বাস্থ্য ও পুষ্টি

৩.১ শিশুশ্রমযুক্ত সকল পরিবার বা শিশুশ্রমের ঝুঁকিতে থাকা পরিবারসমূহের জন্য স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক শিক্ষার সুযোগ নিশ্চিত।

৩.২ স্বাস্থ্যসেবা গ্রহণে নিশ্চিয়তা প্রদানের সুযোগ সৃষ্টি।

৪. সামাজিক সচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ

৪.১ সকল শিশু, পিতা-মাতা, নিয়োগকর্তা, শ্রমিক ইউনিয়ন, সুশীল সমাজ এবং সরকারের সংশ্লিষ্ট কর্মকর্তা শিশুশ্রম ও শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শিশুশ্রম -এর ক্ষতিকর প্রভাব সম্পর্কে সম্যকভাবে অবহিত এবং শিশুশ্রম নিরসনের লক্ষ্যে তাদের ইতিবাচক মনোভাব ও আচরণ প্রদর্শিত।

৪.২ সমাজভিত্তিক শিশুশ্রম প্রতিরোধব্যবস্থা প্রবর্তিত এবং তা সুসংহত।

৫. আইন প্রণয়ন ও প্রয়োগ

৫.১ বিদ্যমান শিশুশ্রম-বিষয়ক আইন ও বিধি-বিধান (প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উভয় খাতে) **সংশোধিত**।

৫.২ শিশুশ্রম-বিষয়ক আইন ও বিধি-বিধান প্রয়োগকৃত।

৫.৩ অপ্রাতিষ্ঠানিক খাত ও কৃষি খাতে শিশুশ্রম বিষয়ক পরিদর্শন ও পরিবীক্ষণ কার্যক্রম সুসংহত।

৬. কর্মসংস্থান ও শ্রমবাজার

৬.১ আইনানুগভাবে যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষিত কিশোর-কিশোরীদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ; এবং শ্রমবাজারে অংশগ্রহণ নিশ্চিতকরণ।

৬.২ বৃত্তিমূলক প্রশিক্ষণে প্রশিক্ষিত পরিবারের কিশোর-কিশোরীদের কার্যকর সম্পৃক্তকরণের মধ্য দিয়ে আয়বর্ধক ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি ।

৭. শিশুশ্রম প্রতিরোধ এবং শ্রমে নিযুক্ত শিশুদের সুরক্ষা

৭.১ প্রাপ্তবয়স্ক এবং অতিদরিদ্র ও কর্মজীবী শিশুদের পিতা-মাতার জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্ট।

৭.২ চৌদ্দ বছরের কম বয়সের শিশুদের শ্রমে নিযুক্তি প্রতিরোধকৃত এবং তাঁদের বিদ্যালয়ে ধরে রাখা নিশ্চিতকরণ ।

৭.৩ চৌদ্দ থেকে আঠারো বছরের কম বয়সের কর্মজীবী কিশোর-কিশোরীরা ঝুঁকিপূর্ণ শ্রম থেকে সুরক্ষিত।
৭.৪ পাচার এবং যৌন নিপীড়ন থেকে শিশুরা সুরক্ষিত।

৮. সমাজ ও পরিবারে পুনঃএকত্রীকরণ

৮.১ ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শিশুশ্রম থেকে প্রত্যাহারকৃত শিশুরা তাদের পরিবার ও সমাজে পুনঃএকত্রীকরণ।

৯. গবেষণা ও প্রশিক্ষণ

৯.১ কৌশলপত্রের কার্যকর বাস্তবায়নে সহায়তার লক্ষ্যে ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শিশুশ্রম সংক্রান্ত তথ্য হালনাগাদকৃত।
৯.২ শিশুশ্রম নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের ব্যবস্থাপনা ও পরিচালনাগত কর্মক্ষমতা বৃদ্ধিপ্রাপ্ত।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কৌশলপত্র ২০২১-২০২৫-এর বাস্তবায়ন-অগ্রগতি তত্ত্বাবধানের সার্বিক দায়িত্বের ক্ষেত্রে নেতৃত্বদানকারী মন্ত্রণালয় হবে । সেইসঙ্গে, এসডিজি বাস্তবায়ন পরিকল্পনায় নির্ধারিত ভূমিকা (role) অনুযায়ী প্রতিটি মন্ত্রণালয় স্ব স্ব ক্ষেত্রে সঞ্চালনার দায়িত্ব গ্রহণ করবে এবং তৎসংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি কৌশলপত্রের নির্ধারিত লক্ষ্য এবং অভীষ্ট আউটপুট অর্জনে সহযোগিতা প্রদান করবে । প্রধান কর্মসম্পাদনকারী এবং তাঁদের বিস্তারিত ভূমিকা নিম্নরূপ:

ক) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কৌশলপত্র ২০২১-২০২৫ বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণার দায়িত্বভার বহন করবে। বিশেষকরে, জরুরি ভিত্তিতে সকল অংশীজন এবং জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ ও শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সদস্যদের নিকট কার্যক্রম গ্রহণের আহবান জানিয়ে কৌশলপত্র ২০২১-২০২৫ পাঠাবে। এসডিজি ২০২১-২০২৫ -এর অভীষ্ট অর্জনের সঙ্গে সঙ্গতি রেখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় একটি বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করবে।

খ) কৌশলপত্র বাস্তবায়নের ক্ষেত্রে শিশুশ্রম কল্যাণ পরিষদের ওপর তত্ত্বাবধানের কর্তৃত্ব বর্তাবে। জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ কৌশলপত্র ২০২১-২০২৫ বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয়, পরিবীক্ষণ ও পর্যাবৃত্তভাবে (ত্রৈমাসিক ভিত্তিতে) মূল্যায়ন করবে। অর্থায়ন কিংবা কারিগরি সহায়তার মধ্য দিয়ে কৌশলপত্রের বিভিন্ন কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে উক্ত পরিষদ তার সঙ্গে কাজ করার জন্য সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবক প্রতিষ্ঠান খুঁজে নেবে। উল্লিখিত প্রতিটি প্রতিষ্ঠান ভৌগোলিক এলাকার ভিত্তিতে এবং/অথবা সুনির্দিষ্ট খাতে প্রতিটি প্রশাসনিক বিভাগে কাজ করবে।

গ) জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ ছাড়াও শিশুশ্রম পরিবীক্ষণ কমিটিগুলো উক্ত কমিটির ক্ষেত্রে প্রযোজ্য অনুশাসন অনুযায়ী সমন্বয় ও পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদন করে যাবে (কমিটিগুলোর গঠন ও কাঠামোর জন্য সংযোজনী ২ দ্রষ্টব্য)।

ঘ) কৌশলপত্রের বাস্তবায়ন প্রক্রিয়ায় অন্যান্য বিষয়গুলোর মধ্যে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত শিশুদের প্রতি; আদিবাসী এবং দৈহিক ও মানসিক প্রতিবন্ধী শিশুদের সমাজের মূলস্রোতে সমন্বিত করার প্রতি; ঝুঁকিপূর্ণ শিশুশ্রম এবং সম্ভাবনাময় রপ্তানি খাতসমূহে অগ্রাধিকার প্রদানের প্রতি; বিভিন্ন খাত ও ভৌগোলিক এলাকার ওপর অগ্রাধিকার প্রদানক্রমে উভয় ক্ষেত্রে দ্বৈত ক্রিয়া-কেন্দ্রীক প্রক্রিয়া পরিচালনার প্রতি এবং ছেলে ও মেয়েদের লিঙ্গভিত্তিক প্রয়োজনীয়তার পরিপ্রেক্ষিতে তা সমাধানের প্রতি বিশেষভাবে মনোযোগ প্রদান করতে হবে।

ঙ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিকট প্রত্যাশিত কৌশলপত্রের এসডিজি-প্লাস কর্মপরিকল্পনা সরকারের এসডিজি বাস্তবায়ন কর্মকৌশলের সঙ্গে সমন্বিত করা এবং আসন্ন ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিভিন্ন মন্ত্রণালয় ও অংশীজনের সঙ্গে পরামর্শ প্রক্রিয়ার মধ্য দিয়ে কৌশলপত্রের ওপর সংশ্লিষ্ট সকলের একটি বিস্তৃত মালিকানার ভিত্তি গড়ে তোলা।

বাংলাদেশে শিশুশ্রম নিরসন সংক্রান্ত কাজে যারা সংযুক্ত রয়েছেন তাদের প্রত্যেকের জন্য কৌশলপত্র ২০২১-২০২৫ হচ্ছে একটি নির্দেশিকা, বিশেষ করে ঐ সকল সরকারি সংস্থা এবং অংশীজনের জন্য, যাদের মধ্যে সুনির্দিষ্টভাবে উপর্যুক্ত কর্ম-সম্পাদনের দায়িত্ব ন্যাস্ত রয়েছে। বর্তমান কর্মপরিকল্পনার ফলভিত্তিক পরিবীক্ষণ, পর্যালোচনা, এবং মূল্যায়নের ওপর ভিত্তি করে, কৌশলপত্র শিশুশ্রমের বিরুদ্ধে কার্যকর আইন প্রণয়ন কিংবা বিচারিক কাঠামো গড়ে তোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয়াদি এবং সর্বাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ সংক্রান্ত রূপরেখা প্রদান করে।

কৌশলপত্র ২০২১-২০২৫ প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উভয় খাতে শিশুশ্রমে নিয়োজন নিরোধার্থে ব্যবস্থা গ্রহণ করে। অনুরূপভাবে, নিকৃষ্ট ধরনের শিশুশ্রম (ঝুঁকিপূর্ণ শিশুশ্রম ও নিকৃষ্ট ধরনের শর্তহীন শিশুশ্রম উভয় ক্ষেত্রেই), সেইসঙ্গে সামগ্রিক শিশুশ্রমের ক্ষেত্রেও তা আমলে নেয়। 'শ্রম আইন ২০০৬' এবং প্রাসঙ্গিক আইএলও কনভেনশনগুলো হলো কৌশলপত্রের ধারণা গঠনের ভিত্তি।

বিষয়টি লক্ষণীয় যে, প্রকল্প ও প্রকল্প প্রস্তাবগুলোর বৃহদাংশ মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনা থেকে গৃহীত হচ্ছে যা এসডিজি বাস্তবায়নের লক্ষ্যসহ ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও আরও অন্যান্য বিষয়ভিত্তিক। যখন প্রতিটি সরকারি সংস্থা বা অন্য কোনো বাস্তবায়ন সহযোগী তাদের মধ্যে বণ্টনকৃত কর্মভারের বিষয়ে কর্মপরিকল্পনায় ম্যাট্রিক্স বিবেচনা করবে, সে ক্ষেত্রে তারজন্যে কৌশলপত্রের উপর্যুক্ত বিষয়ভিত্তিক (thematic) অংশ প্রথমে পড়ে নেওয়া সংগত হবে। এ ছাড়া, কর্মপরিকল্পনাভুক্ত ম্যাট্রিক্স ব্যবহার সংক্রান্ত টীকা কঠোরভাবে মানতে হবে।

কৌশলপত্র বাস্তবায়ন সংশ্লিষ্ট প্রতিটি মন্ত্রণালয়, অনুরূপ জিও এবং এনজিও সহকারে, কৌশলপত্র ২০২১-২০২৫-এ সংজ্ঞায়িত স্ব স্ব দায়িত্ব অনুসারে বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন প্রক্রিয়ার সময় লক্ষ্য রাখবে। এই দলিলের শেষাংশে কোভিড-১৯ কালীন ও পরবর্তী সময়ে শিশুশ্রম সামাল দেওয়ার ক্ষেত্রে করণীয় সম্পর্কে একটি নির্দেশিকা রয়েছে। এই কার্যক্রম নির্দেশজ্ঞাপক এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে কর্ম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সংস্থাগুলোকে আহবান জানানো হয়েছে।

অধ্যায় ১

বাংলাদেশে শিশুশ্রম পরিস্থিতি[২]

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জাতীয় শিশুশ্রম জরিপ (সিএলএস) অনুযায়ী , ২০০৩ থেকে ২০১৩ সালের মধ্যে ৫-১৭ বছর বয়সের শিশু শ্রমিকের সংখ্যা ৭.৬ মিলিয়ন থেকে হ্রাস পেয়ে ৩.৫ মিলিয়ন হয়েছে। তন্মধ্যে, শ্রমে নিয়োজিত শিশুর সংখ্যা ছিল ৩.২ মিলিয়ন - যা ২০১৩ সালে ১.৭ মিলিয়নে (-৪৭%) নেমে এসেছে। অপ্রাতিষ্ঠানিক খাত বিপুল সংখ্যক শিশু শ্রমিক নিয়োগ করে থাকে, যা ২০১৩ সালে ছিল ৯৫%।

ছক ১ : বাংলাদেশের শিশুশ্রম পরিসংখ্যান

উৎস	২০০২-০৩			২০১৩		
	শিশুশ্রম সমীক্ষা ২০০৩			শিশুশ্রম সমীক্ষা ২০১৩		
	ছেলে	মেয়ে	**মোট**	ছেলে	মেয়ে	**মোট**
শিশু সংখ্যা – বয়স ৫-১৭, '০০০						
• মোট শিশু জনসংখ্যা	২২,৬৮৯	১৯,৬৯৮	**৪২,৩৮৭**	২০,৫৯৬	১৯,০৫৫	**৩৯,৬৫২**
• কর্মরত শিশু	৫,৪৭১	১,৯৫২	**৭,৪২৩**	২,১০৩	১,৩৪৭	**৩,৪৫০**
• শিশু-শ্রমিক	২,৪৬১	৭১৮	**৩,১৭৯**	৯৫৩	৭৪৬	**১,৬৯৯**
• ঝুঁকিপূর্ণ কাজ	১,১৭২	১২০	**১,২৯১**	৭৭২	৫০৮	**১,২৮০**
শিশুশ্রম – শতকরা হারে						
• মোট কর্মরত শিশু	৪৫	৩৬.৮	**৪২.৮**	৪৫.৩	৫৫.৪	**৪৯.৩**
• মোট শিশু জনসংখ্যা	১০.৮	৩.৬	**৭.৫**	৪.৬	৩.৯	**৪.৩**

উৎস : বিবিএস-এর শিশুশ্রম জরিপ ২০০৩ এবং ২০১৩

প্রমাণসাপেক্ষে সুস্পষ্টভাবে দৃশ্যমান হয় যে, শিশুশ্রমে ছেলেদের ব্যাপকতা গ্রামীণ এলাকায় বহুলাংশে বেশি। শিশুশ্রম জরিপ ২০১৩ অনুসারে শিশুদের মধ্যে প্রায় ৫৬% শিশুশ্রমে নিয়োজিত রয়েছে । যাহোক, বিশেষভাবে লক্ষণীয় যে, মেয়ে-শিশুশ্রম প্রচ্ছন্ন (hidden) কর্মে (গৃহস্থালির কাজে) অধিকমাত্রায় জড়িত থাকার কারণে সাধারণত তারা অবমূল্যায়িত হয়ে থাকে। ২০১৩ সালে শিশুশ্রমে নিয়োজিত মোট শিশুর ৬৮% (১.১৫ মিলিয়ন) গ্রামীণ এলাকায় বসবাস করতো। শিশুরা বিভিন্ন খাতে কাজে নিয়োজিত রয়েছে। তার মধ্যে রয়েছে গরম খাবারের দোকান ও চা-দোকান, মোটর ও ইস্পাত কারখানা, মুদি ও আসবাবপত্রের দোকান, পোশাক ও সেলাইয়ের দোকান, বর্জ্য সংগ্রহ...(এসকে. তারিকুজ্জামান, ইলমা কায়সার, ২০০৮)। সাধারণত, শিশুদের দেখা যায়, কোনো কোনো খাতে কিছু বয়সোপযোগী কাজে প্রাপ্তবয়স্কদের জন্য পরিপূরক দায়িত্ব সম্পাদন করে থাকে, যা স্বল্প বেতনের এবং বিপজ্জনক। কাজের একটি উল্লেখযোগ্য অংশ সম্পাদনার্থে চটপটে ও কর্মতৎপর শিশুদের ব্যবহার করা হয় যা প্রাপ্তবয়স্কদের দ্বারা অনুপযুক্ত বিবেচিত হয়; সে ক্ষেত্রে একজন প্রাপ্তবয়স্ক তার পরিপূর্ণ সক্ষমতা উক্ত কর্মসম্পাদনের ক্ষেত্রে ব্যবহার করে না। শিশুরা কোন কোন খাতে এবং কী কী কাজে জড়িত রয়েছে, নিম্নবর্ণিত ছক ২ তা বিস্তারিতভাবে উপস্থাপন করছে।

ছক ২ : খাত ও কর্মভিত্তিক শিশুশ্রমের সংক্ষিপ্ত বিবরণ

খাত/শিল্প	কার্যক্রম
কৃষি	শস্যসংগ্রহ ও শস্যপ্রক্রিয়াকরণ, হাস-মুরগি পালন, গবাদি পশু-চারণ,* মধুসংগ্রহ,* এবং চা-পাতা উত্তোলনসহ* কৃষিকাজ।[৩,৪]
	মাছ শিকার* এবং মাছ শুকানো[৫]
	চিংড়ি আহরণ এবং প্রক্রিয়াজাতকরণ।[৬] প্রাতিষ্ঠানিক খাতের ক্ষেত্রে শিশুশ্রম প্রত্যায়িত রয়েছে, কিন্তু ভ্যালু-চেইনের অপ্রাতিষ্ঠানিক উপাদানগুলোর ক্ষেত্রে শিশুশ্রম ব্যবহার করা।
শিল্প	লবণ খাতসহ খনন ও খনিজ খাত[৭,৮]
	তৈরি পোশাক, বস্ত্র, পাটবস্ত্র, চামড়া, পাদুকা এবং অনুকৃত অলংকার*[৯,১০,১১] রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প শিশুশ্রমমুক্ত; কিন্তু স্থানীয় বাজারমুখী ক্ষুদ্রায়তন তৈরি পোশাক শিল্প শিশুশ্রম ব্যবহার করছে।
	ইট উৎপাদন, কাঁচ, হাতে মোড়ানো সিগারেট (বিড়ি), দিয়াশলাই, সাবান, স্টিলের আসবাবপত্র, অ্যালুমিনিয়াম-পণ্য,* প্লাস্টিকপণ্য,* এবং মেলামাইন-পণ্য*
	জাহাজ ভাঙ্গা, মালিক সমিতি শিশুশ্রমমুক্ত হিসাবে দাবি করে।
	কাঠের কাজ,* ঝালাই,* এবং নির্মাণ-কাজ*
সেবা	**গার্হস্থ্য কাজ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শ্রম হিসাবে স্বীকৃত হয় না।**
	পরিবহণ খাতে কাজ, রিক্সা চালনা,* এবং রাস্তার কাজ যার মধ্যে রয়েছে অবর্জনা তোলা এবং তা পুনর্ব্যবহার্য করা,* ভেন্ডিং, ভিক্ষাবৃত্তি, এবং বহনকার্য।
	হোটেল,* রেস্টুরেন্ট,* বেকারি,* এবং খুচরা বিপণীতে* কাজ করা।
	অটোমোবাইল মেরামত*।
প্রত্যক্ষদৃষ্টে নিকৃষ্ট ধরণের শিশুশ্রম	মাছ শুকানো এবং ইট উৎপাদনে* জোরপূর্বক শ্রম।
	জোরপূর্বক ভিক্ষাবৃত্তি।*
	মাদকব্যবসাসহ* অবৈধ কার্যকলাপে ব্যবহার
	বানিজ্যিক যৌন নিপীড়ন* কখনো কখনো যা মানবপাচারের* ফলে ঘটে থাকে।
	জোরপূর্বক গৃহকর্ম।

উৎস: যা খেকে সমন্বিত: ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অব লেবারস ব্যুরো অব ইন্টারনেশন্যাল লেবার এফেয়ার্স, বাংলাদেশ মডারেট প্রগ্রেস; ২০১৭ ফাইন্ডিংস অন দ্যা ওয়ার্স্ট ফর্ম অব চাইল্ড লেবার। * এ কার্যের প্রমাণ নেই বললেই চলে এবং/অথবা সমস্যা অনেক গভীরে। দেশের আইন বা বিধি-বিধান দ্বারা আইএলও কনভেনশন ১৮২-এর অনুচ্ছেদ ৩(ডি)-এর সঙ্গে সংগতি রেখে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরূপিত হয়েছে । আইএলও কনভেনশনের ১৮২-এর অনুচ্ছেদ ৩(এ)-(সি) অনুসারে শিশুশ্রম বলতে নিকৃষ্ট ধরনের শিশুশ্রম বোঝায়।

---

[৩] ইউএস ডিপার্টম্যান্ট অব স্টেট, ২০১৫. “বাংলাদেশ,” কান্ট্রি রিপোর্টস অন হিউম্যান রাইটস প্র্যাকটিসেস।
[৪] ইউএস ডিপার্টম্যান্ট অব স্টেট, ২০১৫. “বাংলাদেশ,” কান্ট্রি রিপোর্টস অন হিউম্যান রাইটস প্র্যাকটিসেস।
[৫] ইউএস ডিপার্টম্যান্ট অব স্টেট, ২০১৫. “বাংলাদেশ,” কান্ট্রি রিপোর্টস অন হিউম্যান রাইটস প্র্যাকটিসেস।
[৬] সলিডারিটি সেন্টার, ২০১২। দ্যা প্লাইট অব শ্রিম্প প্রসেসিং ওয়াকার্স অব সাউথ ওয়েস্টার্ন বাংলাদেশ।
[৭] জিওবি; বিবিএস, ২০১৩, শিশুশ্রম জরিপ।
[৮] ইন্টারন্যাশনাল ট্রেড ইউনিয়ন কনফেডারেশন, ২০১২। ইন্টারন্যাশনালি রিকগনাইজড কোর লেবার স্ট্যান্ডার্ডস ইন বাংলাদেশ।
[৯] হান্টার, আই, ২০১৫, ক্র্যামড ইনটু স্কুয়ালিড ফেক্টরিজ টু প্রডিউস ক্লথজ। ডেইলিমেইল।
[১০] হিউম্যান রাইটস ওয়াচ, ২০১২। টক্সিক ট্যানারিজ: দ্যা হেলথ রিপারকাশন্স অব বাংলাদেশস হাজারিবাগ লেদার।
[১১] ইউসিএনিউজ, ২০১৪। দ্যা এক্সট্রিমলি আনহেলদি লাইফ অব দ্যা বাংলাদেশ ট্যানারি ওয়ার্কার।

২০১৩ সালে শিশুশ্রমে নিযুক্ত শিশুদের ২৯% স্কুলে গিয়েছে। শিশুশ্রম জরিপ এর ফলাফল অনুযায়ী শ্রমে নিযুক্তি বৃদ্ধি পেলে, বিদ্যালয়ে উপস্থিতি হ্রাস পায়। শিশুশ্রমে ২০১৩ সালে নিযুক্ত হওয়া ৬৩% শিশু বিদ্যালয়ে উপস্থিত ছিলনা এবং ৮.৪% শিশু কখনোই বিদ্যালয়ে যায়নি।

২০১৩ সালে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম ১.২৮ মিলিয়ন শিশু শিশুশ্রমসহ ঝুঁকিপূর্ণ শিশুশ্রমে নিয়োজিত ছিল। ২০০৩ থেকে ২০১৩ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শ্রমে জড়িত হওয়ার সংখ্যা প্রায় ১.৩ মিলিয়ন। ক্রমবিকাশমান এই ধারা অব্যাহত থাকার ক্ষেত্রে অন্যান্যের মধ্যে অনুসঙ্গ ছিল এ-সংক্রান্ত কর্মোদ্যোগের স্বল্প দৃশ্যমানতা এবং এই খাতগুলোতে নীতিগত অগ্রাধিকার প্রদানের অভাব। উল্লেখযোগ্য প্রধান বিবর্তন হল লিঙ্গ বণ্টনে: ২০০৩ সালে যেখানে ১০ জনে ৯ জন ছিল ছেলে শিশু, ২০১৩ সালে তা ১০ জনে ৬ জনে এসে দাঁড়ায়। প্রধান ঝুঁকিগুলোর মধ্যে রয়েছে ধূলো-বালি, ধোঁয়া, শব্দ বা কম্পন এবং বিপজ্জনক যন্ত্রপাতি যার অনুষঙ্গে রয়েছে আগুন, গ্যাস ও প্রজ্বলিত শিখা এবং চরম উত্তাপ ও শীতলতা। এই খাতগুলোতে কর্মরত শিশুদের দুর্ঘটনা, জখম ও অসুস্থতা বিবেচনায় চরমভাবে বিপদসঙ্কুল অবস্থায় দেখা যায়।

উৎপাদন ও কৃষি হচ্ছে শিশুদের প্রধান নিযুক্তির খাত। ২০১৩ সালে উৎপাদন ও কৃষি খাতে যথাক্রমে ৩৯% ও ২২% শিশু ঝুঁকিপূর্ণ কর্মপরিবেশে নিয়োজিত ছিল। কর্মক্ষেত্র অনুযায়ী অধিকাংশ শিশুদের দেখা যায় অফিস,কারখানা, ওয়ার্কশপ, দোকান খাতে; যার সঙ্গে আরও রয়েছে খামার, কৃষিজমি, নদীর খাত।

ছক ৩ : খাতওয়ারি শিশুশ্রম ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম



উৎস: শিশুশ্রম জরিপ, বিবিএস, ২০১৫। টীকা: সংজ্ঞা অনুসারে, যখন ৫-১৭ বছর বয়সের একটি শিশু প্রতি সপ্তায় ৪২ ঘণ্টার বেশি যে কোনো কাজ করে কিংবা সুনির্দিষ্ট কার্যটি যদি ঝুঁকিপূর্ণ শ্রমের তালিকাভুক্ত হয়ে থাকে, তখন শিশুশ্রম ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে । ফলে, শিশুশ্রম এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রম-এর মধ্যকার ধরণ কাছাকছি।

বাংলাদেশ নিয়োগের ক্ষেত্রে ৩৮টি কর্ম/খাতকে শিশুশ্রমের জন্য ঝুঁকিপূর্ণ হিসাবে তালিকাভুক্ত ও প্রকাশ করেছে। ২০১৩ সালে জারিকৃত একটি সরকারি আদেশে ৩৮ ধরণের কাজকে শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ হিসাবে চিহ্নিত করে; যদিও সরকার এ তালিকা শীঘ্রই সংশোধন করতে যাচ্ছে। ফলে আরও কিছু খাত যথা: শুটকি মাছ, বর্জ্য-অপসারণ এবং পথশিশুরা উক্ত তালিকায় অন্তর্ভুক্ত হতে যাচ্ছে।

যেহেতু বিভিন্ন জরিপ ভিন্ন ভিন্ন উপাত্ত প্রদান করে, বাংলাদেশের শিশু গৃহকর্মীর সংখ্যা নির্দিষ্ট নয়। শিশুশ্রম জরিপের উপাত্ত অনুসারে ২০১৩ সালে শিশু গৃহকর্মীর সংখ্যা ছিল ১,১৫,৬৫৮ জন, তার মধ্যে যে ৯১% ছিল মেয়ে শিশু এবং সকল **বয়স-বিন্যাস (age group)** অনুসারে: পাঁচ বছর পর্যন্ত বয়সের শিশু গৃহকর্মীর সংখ্যা ছিল ৯৫১ জন (যারা সবাই ছিল মেয়ে শিশু); ২১,৩৫৯ জন ছিল ৬-১১ বয়স-বিন্যাসে (৯১% মেয়ে শিশু); এবং ৭৫,৯৮৫ জন ছিল ১৪-১৭ বয়স-বিন্যাসে (৯০% মেয়ে শিশু)। দ্যা বেজলাইন সার্ভে অন চাইল্ড ডমেস্টিক লেবার ইন বাংলাদেশ-এর উপাত্তে ৪,২১,০০০ শিশু গৃহকর্মী (৭৫% মেয়ে শিশু) ৬-১৭ বয়স-বিন্যাসে ১,৩২,০০০ জন ছিল শুধু ঢাকা শহরকেন্দ্রিক।

বিএসএএফ-এর একটি সমীক্ষা[১২] বাংলাদেশের শিশু গৃহশ্রমিকের কাজের তালিকা প্রকাশ করে। সংখ্যাগরিষ্ঠ শিশুশ্রমিকরা কক্ষ পরিপাটি ও পরিষ্কারকরণ (৯০%), সেইসঙ্গে মেঝে-ধৌতকরণ, বর্জ্য-অপসারণ (৭৭%), থালা-বাসন ধৌতকরণ (৬১%), কাপড়-চোপড় ধৌতকরণ, রন্ধন (৫৩%), এবং শৌচাগার পরিষ্করণ (৪৪%)। কাজগুলোর মধ্যে আরও রয়েছে আসবাবপত্র ঝাড়ু দেওয়া, শিশু লালন-পালন, পানি ফুটানো, থালা-বাসন পরিষ্করণ, বর্জ্য-অপসারণ, মুদি-কেনাকাটা , কাপড় ইস্ত্রিকরণ, ছেলে-মেয়েদের স্কুল থেকে আনয়ন এবং প্রবীণদের সেবা করা।

অ্যান্টি-স্লেভারি ইন্টারন্যাশনাল-এর একটি সমীক্ষা[১৩] গৃহকর্মের মনঃস্তাত্তিক পরিণতি সম্পর্কে গবেষণা করে। এ সমীক্ষা চারটি উপাদানের ওপর গুরুত্বারোপ করে ; যা শিশুদের মনঃসামাজিক সুস্থতা এবং দুর্বলতাকে প্রভাবিত করে: (১) শিক্ষা শিশুদের কল্যাণে অবদান রাখে; (২) কাজের প্রকৃতি শিশুদের সুস্থতার উপর প্রভাব ফেলে (৩) সামাজিক সহায়তা শিশুদের মনঃসামাজিক সুস্থতার চাবিকাঠি; এবং (৪) কাজের প্রতি শিশুদের নিজস্ব উপলব্ধি তাদের সুস্থতার উপর প্রভাব ফেলে। এ সমীক্ষায় উল্লেখ করা হয় যে, গৃহে আবদ্ধতা শিশুদেরকে সামাজিকীকরণ প্রক্রিয়া থেকে সুবিধা-বঞ্চিত রাখে। মানসিক চাপ ও বিচ্ছিন্নতার কারণে তারা বিছানা ভেজানো, অনিদ্রা, প্রত্যাহরণ, বিষণ্নতা, পশ্চাদগামী আচরণ, অকাল বার্ধক্য এবং নিয়োগকর্তার প্রতি বিষণ্নকর ও আতঙ্কগ্রস্ত প্রতিক্রিয়ার পীড়নের শিকার হয়। এর মধ্যকার কিছু বৈশিষ্ট্য বাংলাদেশেও শনাক্ত হয়েছে (রহমান এইচ, ১৯৯৫)।

আইএলও'র [১৪] একটি সমীক্ষায় শিশু গৃহকর্মীদের সঙ্গে তাদের নিয়োগকর্তাদের সম্পর্ক যথাযথ নয় মর্মে প্রকাশিত হয়েছে।। গৃহস্থালি কাজের সাথে সংযুক্ত নেতিবাচক বিষয়গুলি নিয়োগকর্তার সাথে শিশু গৃহকর্মীদের সম্পর্কের আরও অবনতি ঘটায়। সমীক্ষাটিতে বৈষম্যের দৈনন্দিন অভিজ্ঞতা এবং তাদের বিচ্ছিন্নতা ও মানসিক ক্ষতির বড় অংশের উপর জোর দেওয়া হয়েছে । এই সমীক্ষা বাংলাদেশের একটি গবেষণার উল্লেখ করে উদ্ধৃত করে যে, "এটি মৌখিক বা দৈহিক নিপীড়ন ছিল না, কিংবা বস্তুগত দ্রব্য-সামগ্রী বা খাবারেরও অভাব ছিল না যা তাদেরকে সবচেয়ে বিপর্যস্ত [শিশু গৃহকর্মী] করেছিল; বরং তা ছিল বৈষম্য, বর্জন, অসম্মান, অকৃতজ্ঞতা, এবং আবেগ-অনুভূতিগত প্রত্যাশার ওপর নানাবিধ আক্রমণ যা সত্যিকার অর্থে তাদের বেদনার্ত করেছিল।" (উৎস- আইবিআইডি)

১.২ শিশুশ্রমের সঞ্চালক-নিবেশক-আকর্ষক উপাদান অন্বেষ

শিশুশ্রম একটি বহুমাত্রিক ঘটনা যা আন্তঃসংযুক্ত উপাদান দ্বারা সৃষ্ট ও চালিত। এই উপাদানগুলোকে অর্থনৈতিক, শিক্ষাগত, সামাজিক, মনঃস্তাত্তিক/আচরণগত এবং প্রাকৃতিক গুচ্ছে শ্রেণিবদ্ধ করা যেতে পারে এবং নিম্নবর্ণিত ছক ৪ -এ তার বিস্তারিত বর্ণনা রয়েছে। নিবেশক উপাদান (push factor) বলতে সরবরাহ প্রান্তের উপাদানগুলোকে বোঝায় যা একটি শিশুকে শ্রমনিয়োজনে বাধ্য করে। আকর্ষক উপাদান (pull factor) চাহিদা প্রান্তের সঙ্গে সম্পর্কিত এবং তা নিয়োগকারী, ব্যবসা ও সমাজ থেকে উদ্ভূত। সঞ্চালক (drivers) হচ্ছে ঐ সকল উপাদান যা শিশুশ্রমের ক্ষেত্রে সাহায্য করে এবং তা টিকিয়ে রাখতে ও বৃদ্ধিতে ভূমিকা রাখে। এই উপাদানগুলোর পারস্পরিক মিথস্ক্রিয়া শ্রমে নিয়োজনের সম্ভাব্যতা বাড়িয়ে তুলে। (নরপোথ.জে ও অন্যান্য, ২০১৪)।

পারিবারিক আয় ও দারিদ্র্যের কারণগুলো শিশুর ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখে। আয়ের পাশাপাশি জমি ও খামারের মালিকানা শিশুদের কার্যক্রমকে প্রভাবিত করে, বিশেষ করে পূর্ণসময়ব্যাপী বিদ্যালয়ে উপস্থিতির সম্ভাবনাকে। জমি মালিক ও খামার ব্যবসায়ী পরিবারের শিশুদের পূর্ণসময়ব্যাপী বিদ্যালয়ে উপস্থিতির সম্ভাবনা পাঁচ শতাংশ বেশি এবং পূর্ণসময়ব্যাপী কাজ করার সম্ভাবনা কিছুটা কম। দারিদ্র্য-সংশ্লিষ্ট অন্যান্য আর্থ-সামাজিক বিষয় যেমন- বেকারত্ব, সামাজিক সুরক্ষাবেষ্টনী ও নিরাপত্তার অভাব, গ্রাম থেকে শহরে স্থানান্তর, মৌসুমী অভিবাসন ও ঋণগ্রস্ততাও শিশুশ্রমর উল্লেখযোগ্য কারণ (ইউসিডব্লিউ, ২০১১)।

[১২] বিএসএএফ-এর, নট ডেটেড. নিড গ্যাপ এনালিসিস অব চাইল্ড ডোমেস্টিক ওয়ার্কাস ইন বাংলাদেশ, গ্লোবাল মার্চ।
[১৩] ব্লাগব্রো, জে., ২০১৩। অ্যান্টি-স্লেভারি ইন্টারন্যাশনাল, হোম ট্রুথ: ওয়েলবিইং এন্ড ভালনারেবিলিটিজ অব চাইল্ড ডমেস্টিক ওয়াকার্স।
[১৪] আইএলও, আইপিইসি, ২০১৩। এন্ডিং চাইল্ড লেবার ইন ডমেস্টিক ওয়ার্ক এন্ড প্রটেক্টিং ইয়ং ওয়াকার্স ফ্রম অ্যাব্যুসিভ ওয়ার্কিং কন্ডিশনস।

ছক ৪: শিশুশ্রমের কারণ

	অর্থনৈতিক	শিক্ষাগত	সামাজিক	মনঃস্তাত্ত্বিক/আচরণগত	প্রাকৃতিক ও অন্যান্য
নিবেশক (সরবরাহ প্রান্ত)	▪ দারিদ্র্য ▪ পরিবারে অধিক সংখ্যক নির্ভরশীল সদস্য। ▪ পরিপূরক আয়ের প্রয়োজন। ▪ বই ও পোশাকসহ উচ্চ শিক্ষা ব্যয়। ▪ আয় পরিত্যাগের ক্ষেত্রে শিক্ষার উচ্চ সুযোগ-ব্যয়। ▪ অভিবাসন। ▪ পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যের বেকারত্ব শিমুশ্রম ও আয়-নির্ভরতার কারণ। ▪ ঋণগ্রস্ততা থেকে মুক্তির উপায় হিসাবে শর্তযুক্ত শিশুশ্রম ▪ হাত-খরচা প্রাপ্তিতে শিশুদের আকর্ষণ।	▪ বিদ্যালয়ে ভর্তির সুযোগ না পাওয়া । ▪ নিম্নমানের শিক্ষা। ▪ পিতা-মাতার শিক্ষার অভাব। ▪ পাঠ্যক্রমে প্রাসঙ্গিকতার অভাব। ▪ শিক্ষার ব্যয় ও সুযোগ-ব্যয় অধিক ▪ বিদ্যালয়-উত্তীর্ন শিশুদের সুযোগের অভাব। ▪ পানি ও পয়ঃপ্রণালিগত সুবিধাদিতে অপর্যাপ্ততা।	▪ সামাজিক বর্জন (জাত, ধর্ম বা বর্ণ-এর কারণে প্রান্তিকীকরণ) ▪ সামাজিক প্রথাসিদ্ধ নিয়ম ▪ সামাজিক নিরাপত্তাহীনতা ▪ জন্ম সংক্রান্ত আইনি দলিলপত্রের অভাব। ▪ সামাজিক সুরক্ষা কর্মসূচির অভাব। ▪ ভগ্ন পরিবার (মৃত্যু কিংবা বিবাহবিচ্ছেদের কারণে) ▪ মেয়ে-শিশুদের শিক্ষার ক্ষেত্রে বাঞ্ছনীয়তার ঘাটতি। ▪ অল্পবয়সে অর্জিত শিক্ষাগত দক্ষতা মেয়েদের বিবাহের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করে।	▪ শিশুশ্রমের প্রতি ঔদাসীন্য, কিংবা সচেতনতার অভাব ▪ শিক্ষার গুরুত্বের প্রতি সচেতনতার অভাব ▪ চরিত্রগঠন এবং দক্ষতা অর্জনের ক্ষেত্রে কাজ মঙ্গলকর ▪ শিশুদের জন্য পারিবারিক ব্যবসা শেখা এবং তা চর্চা করা প্রয়োজন।	▪ প্রাকৃতিক দুর্যোগ যথা: বন্যায় জমি হ্রাস, ভাঙ্গন, ঘূর্ণিঝড়। ▪ রোগের কারণে পরিবারে মৃত্যু। ▪ সশস্ত্র সংঘাত। ▪ জলবায়ু পরিবর্তন।
আকর্ষক (চাহিদা প্রান্ত)	▪ তুলনামূলক সস্তা শ্রম। ▪ সংগঠন গড়ে তোলার অক্ষমতা। ▪ শ্রমঘন বেসরকারি শিল্পে সস্তা শ্রমের নিরন্তর চাহিদা রয়েছে।	▪ পুরানো প্রযুক্তি এবং সস্তা শ্রমের ওপর বিপুল নির্ভরতায় শ্রম-সম্প্রসারণ (নিয়মনিষ্ঠভাবে প্রাপ্তবয়স্ক নিযুক্তি ও নিয়োগযোগ্যতার সংকীর্ণ সুযোগের প্রেক্ষাপটে)	▪ নিয়োগকর্তাদের মধ্যে শিশুশ্রমের গ্রহণযোগ্যতা। ▪ গৃহকর্ম খাদ্য, আশ্রয় এবং কিছু শিক্ষা নিশ্চিত করে।	▪ শিশুদের মধ্যকার বাধ্যগত স্বভাবের কারণে নিয়োগকারীদের মধ্যে শিশুশ্রমের ব্যাপক গ্রহণযোগ্যতা। ▪ কিছু নির্দিষ্ট নিয়োগকারীর মধ্যে অধিক মুনাফা অর্জনের উদ্দেশ্যে শিশুশ্রম শোষণের প্রবণতা।	▪ বাস্তুচ্যুত পরিবারগুলোর ক্ষেত্রে নগরকেন্দ্রে গিয়ে তাদের সন্তানদের জন্য কর্ম খোঁজার সুযোগপ্রাপ্তি।
সঞ্চালক	▪ বিশ্বায়ন এবং গ্রামীণ ও শহর এলাকায় সস্তা শ্রমের সম্প্রসারণ।	▪ নিম্নমানের বাজারযোগ্য দক্ষতা গঠন কিংবা এর অভাবের দরুন শিক্ষা ও কর্মসংস্থানের মধ্যে সামঞ্জস্যের ঘাটতি।	▪ মানবপাচার ▪ মাদাকদ্রব্য পাচার ▪ পতিতাবৃত্তি ▪ সরকারের নিকট থেকে স্বীকৃতির অভাব। ▪ শিশুশ্রম নিরোধে আইনপ্রয়োগের অভাব এবং অত্যাল্প দণ্ডারোপ। ▪ শিশুশ্রমের অবৈধতার বিষয়ে সচেতনতার অভাব ▪ আইনি ফাঁক ▪ পরিবীক্ষণ ও আইনপ্রয়োগের অভাব	▪ গৃহকর্মের ক্ষেত্রে ধনী পরিবারগুলোর শিশুশ্রমের ওপর নির্ভরতা। ▪ ভোগবাদের সম্প্রসারণ।	▪ জলবায়ু পরিবর্তন।

সূত্র: টিম কনসোলিডেশন অন মাল্টিপল সোর্সেস।

পরিবারের প্রাপ্তবয়স্ক ও শিশুদের গঠনবিন্যাসের আপেক্ষিকতা, পারিবারিক কৌশল নির্ধারণের গুরুত্বপূর্ণ নিয়ামক। তথ্যপ্রমাণ দৃষ্টিগোচর করে যে, যে পরিবারে প্রাপ্তবয়স্কদের সংখ্যা বেশি, সে পরিবারের শিশুদের অর্থাৎ উপার্জনকারী সংখ্যায় বেশি হলে, কর্মে নিয়োজন-সম্ভাবনা কম এবং বিদ্যালয়ে উপস্থিতি-সম্ভাবনা বেশি হয়, যদিও এর প্রভাব খুব বেশি নয়। এর বিপরীতে, অধিকসংখ্যক নির্ভরশীল সদস্য সংবলিত পরিবারের শিশুদের কর্মে নিয়োজনের সম্ভাবনা বেশি এবং বিদ্যালয়ে যাওয়ার সম্ভাবনা কম (উইসিডব্লিউ, ২০১১)।

শিক্ষা সম্পর্কিত চ্যালেঞ্জগুলো বিদ্যালয়কে কম আকর্ষনীয় করে তোলে এবং শিশুদেরকে কাজের দিকে ঠেলে দেয়। প্রত্যক্ষ ব্যয় এবং পাঠ্য বই বিবেচনায় নিলে প্রাথমিক শিক্ষা বিনামূল্যে। এর সঙ্গে অনেক পরোক্ষ ব্যয় সম্পৃক্ত রয়েছে যেমন: পরিবহন, পোশাক, কলম, পেন্সিল ও নোটবুক যার কারণে শিশুরা প্রায়শই ঝরে পড়ে ও শিশুশ্রমে নিযুক্ত হয়ে (আলী, একেএম. এম, ২০১৪)। বিদ্যালয়ে ভর্তির সুযোগের অভাব, নিম্নমানের শিক্ষা, উচ্চ শিক্ষা-ব্যয়, শিক্ষার উচ্চ সুযোগ-ব্যয়, অপ্রাসঙ্গিক পাঠ্যক্রম এবং শিক্ষার গুরুত্ব সম্পর্কে সীমিত জ্ঞান শিক্ষাকে কম আকর্ষণীয় করে তোলে। ফলে, প্রাপ্তবয়স্কদের শোভন কাজে উত্তরণে সক্ষম হতে না পেরে শিশুরা অশিক্ষিত ও অদক্ষ থেকে যায়।

বাংলাদেশে প্রাক-বৃত্তিমূলক/বৃত্তিমূলক দক্ষতা প্রশিক্ষণের ব্যবস্থা সীমিত এবং সেইসঙ্গে রয়েছে এ-সংশ্লিষ্ট বাধা-বিপত্তি যেমন, দক্ষতা প্রশিক্ষণের মান, বাজার ও কর্মসংস্থানের মধ্যে সংযোগ এবং শংসন (certification)। যদিও তা কর্মক্ষম/সুবিধাবঞ্চিত শিশু এবং তার পরিবারের জন্য একটি আকর্ষণীয় বিকল্প হতে পারত কিন্তু সেখানেও পর্যাপ্ত প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও কারিগরি দক্ষতার ঘাটতি রয়েছে, যা কার্যকরভাবে দক্ষতা প্রশিক্ষণ সুবিধা প্রদানের জন্য প্রয়োজন।

পিতা-মাতা, বিশেষ করে পরিবার প্রধানের শিক্ষা, শিশুকে কাজে পাঠানোর সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ভূমিকা পালন করে। পিতা-মাতার শিক্ষার মান বৃদ্ধি, সন্তানদের বিদ্যালয়ে উপস্থিতির ক্ষেত্রে বলিষ্ঠ ও ইতিবাচক প্রভাব ফেলে। যে পরিবারের পরিবার প্রধান অশিক্ষিত সে পরিবারের শিশুদের তুলনায়, যে পরিবারের পরিবার প্রধান অন্তত‌পক্ষে প্রাথমিক শিক্ষায় শিক্ষিত সে পরিবারের শিশুদের বিদ্যালয়ে পূর্ণ সময় উপস্থিতির সম্ভাবনা শতকরা ছয় ভাগ বেশি। মাধ্যমিক পর্যায়ে শিক্ষিত হলে, বিদ্যালয়ে পূর্ণ সময় উপস্থিতির সম্ভাবনা আরও শতকরা পাঁচ ভাগ বৃদ্ধি পায় (সরকার ও অন্যান্য, ২০০৭)।

অর্থনৈতিক প্রবৃদ্ধি শ্রম-চাহিদা বৃদ্ধি করে, যা পর্যায়ক্রমে পরিবারের শিশুদের সার্বক্ষণিক কাজে নিয়োজিত করার ওপর প্রভাব ফেলতে পারে। উচ্চ শ্রম-চাহিদা শিশুদের পূর্ণ সময়ের কর্মসংস্থানের সম্ভাবনাকে বৃদ্ধি করে এবং বিদ্যালয়ে পূর্ণ সময়ের উপস্থিতির সম্ভাবনা ব্যাপকভাবে হ্রাস পায়।

সামাজিক নিয়ম সেইসঙ্গে আচরণগত ও মনঃস্তাত্ত্বিক কারণগুলি শিশুশ্রমের ক্ষেত্রে একটি তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে। নানাবিধ সামাজিক ও সাংস্কৃতিক রীতি ও চর্চা বহুকাল ধরে বাংলাদেশের শিশুদের অধিকারকে প্রভাবিত করে আসছে (ইউনিসেফ[১১])। ঐতিহ্যগত ও জেন্ডার প্রথা সেইসঙ্গে আইনের/উন্নয়ন-পরিকল্পনার অকার্যকরতা এবং অত্যাবশ্যকীয় পরিষেবা প্রদানের ক্ষেত্রে প্রতিবন্ধকতা; শিশুদের বেঁচে থাকার, বিকাশ লাভের এবং অংশগ্রহণের অধিকার প্রতিষ্ঠার বিরুদ্ধে কাজ করে। উদাহরণস্বরূপ, শিশু গৃহকর্মীর ওপর ধনাঢ্য পরিবারগুলোর অত্যধিক নির্ভরতা শিশুশ্রমের একটি কারণ । পিতা-মাতা প্রতিনিয়ত বিশ্বাস করেন যে, দক্ষতা উন্নয়নের জন্য কাজ করা ভালো (**নরপোথ ও অন্যান্য, ২০১৪**)। কখনো কখনো, স্থানীয় প্রথা ও চর্চার কারণে শিশুশ্রমের প্রতি উদাসীনতা দেখা যায়। শিক্ষার ক্ষেত্রে ছেলেদের চাইতে মেয়েদের কম গুরুত্ব প্রদান করা হয় এবং তাদেরকে বাড়িতে কাজ-কর্ম করতে দেওয়া কিংবা গৃহকর্মে নিযুক্ত করা হয় যা ক্ষেত্রবিশেষে পাচার বা যৌনকর্মের দিকে নিয়ে যেতে পারে।[১২] গৃহভিত্তিক শিল্পের কাজকে প্রায়শই দক্ষতা অর্জনের উপায় হিসাবে গণ্য করা হয় এবং যা বিবাহের ক্ষেত্রেও সহায়ক (আইআরইডব্লিউসি, ২০১০)।

শিশুশ্রম সংক্রান্ত অর্থনৈতিক পর্যালোচনায় শিশুশ্রমের ক্ষেত্রে সিদ্ধান্ত-প্রভাবক সাংস্কৃতিক দিকগুলো যেমন, অনানুষ্ঠানিক সামাজিক প্রথা কিছুটা উপেক্ষিত হয়েছে। এ-প্রেক্ষাপটে, অর্থনীতিবিদগণ "আন্তঃপ্রজন্মীয় শিশুশ্রম ফাঁদ"-এর ধারণার পাশাপাশি শিশুশ্রম সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে "মাতাপিতার প্রতি সন্তানোচিত কর্তব্য (filial obligations)" ও "সামাজিক অনুমোদন (social approval)" সংশ্লিষ্ট প্রথা বা "সামাজিক অসম্মান (social stigma)" অন্তর্ভুক্তির স্বীকৃতি দিচ্ছেন (বসু, ১৯৯৯)। বাংলাদেশের সামাজিক প্রথা এবং অর্থনৈতিক বাস্তবতা শিশুশ্রমকে ব্যাপকভাবে স্বীকৃত এবং দেশের জন্য তা অতিসাধারণ বিষয় করে তুলেছে। অনেক পরিবার তাদের সন্তানদের অর্জিত আয়ের ওপর নির্ভর করে, যা সন্তানের কর্তব্য বলে ধরা হয়, সেইসঙ্গে শিশুশ্রমকে উচ্চ সামাজিক মূল্যবোধে চালনা করে।

---

[১১] ইউনিসেফ, দ্যা চ্যালেঞ্জ : আইডেন্টিফাইড কি হাউসহোল্ড বিহেভিয়ার্স দ্যাট এফেক্ট চিলড্রেন ফ্রম বিফোর বার্থ টু দ্যা অনসেট অব ইয়ং এডাল্টহুড

[১২] উৎস: https://www.ilo.org/moscow/areas-of-work/child-labour/WCMS_248984/lang--en/index.htm.

সামাজিক বর্জন এবং জাতিভিত্তিক প্রান্তিকীকরণ শ্রমে নিযুক্তির ক্ষেত্রে শিশুদেরকে ঝুঁকিতে ফেলে। পরিবার এবং/অথবা সমাজের দারিদ্র্যতা ছাড়াও জাতিগত, ধর্ম বা বর্ণের কারণে প্রান্তিকতা, বিবাহবিচ্ছেদ বা পরিবারের সদস্যের মৃত্যু সামাজিক বর্জনের কারণ হতে পারে- যা শিশুশ্রমের দিকেও যেতে পারে। (ডব্লিউ. আর. এডিস, ২০১৭)।

শিশুশ্রমের ব্যাপক গ্রহণযোগ্যতার প্রেক্ষাপটে কারণগুলোর একটি হলো শিশুশ্রমে নিয়োগকারীদের পছন্দ। আর সেটা হলো শিশুরা প্রাপ্তবয়স্কদের তুলনায় সুলভ এবং বেশি অনুগত (ইউনিসেফ, ২০১০)। শ্রম ইউনিয়ন গঠনে শিশুকর্মীদের অক্ষমতা নিয়োগকর্তাদের জন্য শিশুদের নিযুক্তিতে আগ্রহের কারণ।

বিশ্বায়িত বিশ্বে মানবপাচার শিশুশ্রমের কারণ।[11] যদিও অবৈধ ও গুপ্ত প্রকৃতির কারণে তা পরিমাপ ও পর্যবেক্ষণ করা দুষ্কর।

প্রাকৃতিক দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন জনগোষ্ঠীর প্রাকৃতিক উৎসের ভীত বিশৃঙ্খল করে এবং বাধ্যতামূলক বাস্তুচ্যুতি বা গ্রাম থেকে শহরে স্থানান্তরের মধ্য দিয়ে শিশুশ্রম বৃদ্ধি করতে পারে। বাস্তুচ্যুত পরিবারগুলো বেঁচে থাকার কৌশল হিসাবে পরিবারের সর্বোচ্চ সংখ্যক সদস্যের জন্য কর্মসংস্থানের সুযোগ খোঁজ করে। এ অবস্থা শিশুশ্রম ও পাচারের ক্ষেত্রে শিশুদের বিপন্ন করে তোলে। যা হোক, এই বাস্তুচ্যুত জনগোষ্ঠীর বিপন্নতা, একীভূতকরণ এবং ক্ষমতায়নের ক্ষেত্রে একটি সময়-বিস্তার রয়েছে (আলী, একেএম. এম, ২০১৭)।

নিয়োগকারীদের মধ্যে নীতি ও আইনি সচেতনতার অভাব শিশুশ্রমে নিয়োজনের ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ মর্মে দৃষ্ট হয়। সাধারণভাবে, শিশুশ্রম সম্পর্কে সচেতনতার মাত্রা খুবই কম। গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি এবং বাংলাদেশের অনানুষ্ঠানিক খাতে মানবসম্পদ ব্যবস্থাপনায় এর প্রয়োগের ওপর পরিচালিত একটি সমীক্ষায় দেখা যায় যে, নিয়োগকারীদের মধ্যে মাত্র ৭% এই নীতি সম্পর্কে অবহিত ছিলেন (শরীফুল, সরকার, ২০১৭)। সমীক্ষাটি নীতি সচেতনতার বেহাল দশার কেন্দ্র কারণ হিসেবে গণমাধ্যমের প্রচারবিমুখতা ও নিরক্ষরতাকে চিহ্নিত করে (ছক ৫)।

ছক ৫: নিয়োগকারীদের নীতিবিষয়ক অসচেতনতার কারণ



উৎস: শরীফুল, সরকার, ২০১৭। আন্ডারস্ট্যান্ডিং ডমেস্টিক ওয়ার্কার্স প্রটেকশন এন্ড ওয়েলফেয়ার পলিসি এন্ড ইভ্যালুয়েটিং ইটস অ্যাপ্লিকেশনস টু ম্যানেজিং হিউম্যান রিসোর্সেস অব দ্য ইনফরমাল সেক্টর ইন বাংলাদেশ।

আইনের অস্পষ্টতা ও সীমিত প্রয়োগ শিশুশ্রমে প্রভাব ফেলে। আইএলও'র একটি সমীক্ষায় উল্লেখ করা হয় যে, বিদ্যমান আইন প্রাতিষ্ঠানিক বা অপ্রাতিষ্ঠানিক কর্ম-কাঠামোর ওপর মনোনিবেশ করে এবং গ্রামীণ অর্থনীতিতে শিশুদের কর্মসংস্থানের বিষয়টি উপেক্ষা করে। আইনের কোথাও কৃষি খাত (চা-বাগান ব্যতিরেকে), ক্ষুদ্রায়তনের অনানুষ্ঠানিক খাতের ব্যবসা বা পরিবারভিত্তিক কর্মসংস্থানের বিষয়ে উল্লেখ নেই, সামষ্টিকভাবে যা মোট শিশুশ্রমের ৮০%। ঝুঁকিপূর্ণ শ্রমের বিষয়ে পর্যাপ্ত আইনি ব্যবস্থার অভাব

[11] ইউএস ডিপার্টমেন্ট অব লেবার। ব্যুরো অব ইন্টারন্যাশনাল লেবার অ্যাফেয়ার্স, ২০১৬। চাইল্ড লেবার এন্ড ফোর্সড লেবার রিপোর্টস, বাংলাদেশ।

একটি উদ্বেগের বিষয়। রপ্তানিমুখী পোশাক খাতের বাইরে শিশুশ্রম-বিষয়ক আইনের প্রয়োগও একটি বড় চ্যালেঞ্জ হিসাবে রয়ে গেছে (ইউসিডব্লিউ, ২০১১)।

১.৩ জাতীয় পদক্ষেপসমূহ

জাতীয় পদক্ষেপসমূহের মধ্যে রয়েছে প্রতিষ্ঠানিক ব্যবস্থা, আইনি ব্যবস্থা, নীতিগত শর্তাবলি, জাতীয় পরিকল্পনা এবং সম্পদ আহরণ।

প্রাতিষ্ঠানিক ব্যবস্থা

শিশুশ্রম সংক্রান্ত কার্যক্রম মূলত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্ব এর আওতাধীন শিশুশ্রম ইউনিট (সিএলইউ)-এর মাধ্যমে পরিচালিত হয় । সিএলইউ ২০০৯ সালে গঠিত হয় এবং এর দায়িত্ব হচ্ছে শিশুশ্রম সংক্রান্ত নীতিমালা ও হস্তক্ষেপণযোগ্য কার্যক্রম, সমন্বয় ও সহযোগিতার মাধ্যমে, পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণ। ছক ৬ -এ সিএলইউ -এর মূল দায়িত্বগুলো উল্লেখ করা হলো।

ছক ৬: শিশুশ্রম ইউনিটের মূল দায়িত্ব

- অংশিদারত্বের উন্নয়ন, শক্তিশালীকরণ ও সহযোগিতাকরণ;
- একটি সমন্বিত শিশুশ্রম ব্যবস্থাপনা পদ্ধতি প্রণয়ন;
- ঝুঁকিপূর্ণ শ্রম বা পেশার তালিকা চূড়ান্তকরণে সহযোগিতাকরণ;
- সহযোগী মন্ত্রণালয়, প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সহায়তা প্রদান ও পরিবীক্ষণ;
- শিশুশ্রম সংক্রান্ত সমস্যার ক্ষেত্রে হস্তক্ষেপণ;
- জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নে সহায়তাকরণ; এবং
- জাতীয় সচেতনতামূলক প্রচারাভিযান পরিচালনা করা।

উৎস: জিওবি, নেশন্যাল প্ল্যান অব একশন ফর ইমপ্লিমেন্টিং দ্যা নেশন্যাল চাইল্ড লেবার এলিমিনেশন পলিসি ২০১২-১৬

জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ[১৮] একটি শীর্ষস্থানীয় সাংগঠনিক কাঠামো যা শিশুশ্রম বিষয়ক কার্যক্রমের ওপর দৃষ্টি রাখে এবং সহযোগিতা প্রদান করে থাকে। শিশুশ্রম নিরসনে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে সম্পৃক্ত অংশীজনদের মধ্যে সমন্বয় রক্ষা করা জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদের দায়িত্ব। উক্ত কাউন্সিল শিশুশ্রম পরিস্থিতির ওপর বিশ্লেষণাত্মক পর্যালোচনা প্রস্তুত এবং শিশুশ্রম নিরসন নীতি এবং তৎসংশ্লিষ্ট জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে করণীয় সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান করে। জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ প্রয়োগস্থলে আইনি বিধি-বিধান এবং হস্তক্ষেপনের বাস্তবায়ন পরিবীক্ষণ করে। এ পরিষদের তদন্ত করার প্রাধিকার রয়েছে। জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ একটি শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি গঠন করেছে যা কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উদ্যোগের পাশাপাশি (বিশেষ করে অনানুষ্ঠানিক খাতে) নিয়মমাফিক পরিবীক্ষণ পরিচালনা করে ।

[১৮] GOB, MoLE, 2013. National Plan of Action for Implmenting the National Child Labour Elimination Policy (2012-2016).

সমমানের সংস্থা বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে রয়েছে। যেহেতু জেলা শিশু অধিকার পরিবীক্ষণ ফোরাম ইতোমধ্যে কার্যকর ছিল, তাই এই ফোরামের ওপর জেলা পর্যায়ে কৌশলপত্র বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয় ও পরিবীক্ষণের দায়িত্ব ন্যস্ত করা হয়। বিষয়টি লক্ষ্যণীয় যে, জেলা পর্যায়ে শিশুশ্রম নিরসনকে শিশু অধিকার সংক্রান্ত সাধারণ কার্যক্রমের সঙ্গে একীভূত করা হয়েছে যা শিক্ষা, স্বাস্থ্য ও সুরক্ষাকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় রক্ষা করে।

শিশুশ্রম সংক্রান্ত কার্যক্রমের ক্ষেত্রে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হল শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দ্বিতীয় দপ্তর। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর [১৮]-এর দায়িত্ব হল বিভিন্ন খাতে নিযুক্ত মানবসম্পদের কল্যাণ, সুরক্ষা ও স্বাস্থ্য নিশ্চিতকরণ। উক্ত দপ্তর পরিদর্শন পরিচালনা করে থাকে, সেইসঙ্গে শ্রমিক ও মালিকদের আইনি কাঠামো প্রয়োগের বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান হিসাবেও কাজ করে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মপরিসরে পর্যাপ্ত কর্মপরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার ও অংশীজনদের সঙ্গে সক্রিয় সহযোগিতার মধ্য দিয়ে নীতি প্রণয়ন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৭ সালে শ্রমপরিদর্শকদের কর্মপরিসর আরও বিস্তৃত করা হয় এবং অনানুষ্ঠানিক প্রতিষ্ঠান এবং শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ হিসাবে তালিকাভুক্ত কর্মক্ষেত্রসমূহকে -এর আওতাভুক্ত করা হয়। পরিদর্শনের ক্ষেত্রে শিশুশ্রম এখন প্রমিত কার্যপ্রণালী (standard operating procedure)-এর অংশ। পরিদর্শন পরিদপ্তরকে এখন অধিদপ্তরে উন্নীত করা হয়েছে, ফলে শ্রমপরিদর্শকের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে।[১৯]

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য সমন্বয়কারী সংস্থা সীমান্তে শিশুপাচার সংক্রান্ত সমস্যার ওপর কাজ করে যাচ্ছে। দ্যা কাউন্টার ট্রাফিকিং ন্যাশন্যাল কোরডিনেশন কমিটি এবং দ্যা রেসক্যু, রিকোভারি, রিপেট্রিয়েশন এন্ড ইন্টিগ্রেশন টাস্কফোর্স মানবপাচার ও শিশুপাচারসহ বাধ্যতামূলক শ্রম এবং ঋণ-দাসত্ব (debt bondage) বিষয়ক সমস্যা নিয়ে সম্পৃক্ত মন্ত্রণালয়গুলোর সঙ্গে সমন্বয় রক্ষা করে।

মূল খাতের মন্ত্রণালয়গুলো সহায়ক প্রতিষ্ঠান হিসাবে সম্পৃক্ত রয়েছে। শিশুশ্রম নিয়ন্ত্রণে সরকার যেহেতু একটি সমন্বিত কর্মপন্থা ব্যবহারের প্রয়োজনীয়তা স্বীকার করেছে, তাই শিশুশ্রম নিরসন নীতি এর বাস্তবায়ন কৌশলে গ্রহণীয় ব্যবস্থাগুলো প্রকাশ এবং বিভিন্ন খাতকে সম্পৃক্ত করেছে।

শিশুশ্রম সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান প্রয়োগের ক্ষেত্রে সরকারের প্রাতিষ্ঠানিক কর্মপন্থা রয়েছে। যাহোক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মপরিচালনার মধ্যে অস্পষ্টতা রয়েছে, যা শিশুশ্রম সংক্রান্ত আইনের পর্যাপ্ত প্রয়োগে বিঘ্ন ঘটাতে পারে। শিশুশ্রম সংক্রান্ত আইন প্রয়োগে দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলোর তালিকা নিম্নরূপ:

ছক ৭: শিশুশ্রম সংক্রান্ত আইন প্রয়োগের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত সংস্থা

প্রতিষ্ঠান / সংস্থা	ভূমিকা
ডিআইএফই	• শ্রম আইন এবং শিশুশ্রম/ঝুঁকিপূর্ণ শিশুশ্রম সংক্রান্ত আইন প্রয়োগ করে।[২০]
বাংলাদেশ পুলিশ	• বাধ্যতামূলক শিশুশ্রম এবং বাণিজ্যিক যৌন নিপীড়ন থেকে শিশুদের সুরক্ষার্থে দণ্ডবিধির সংশ্লিষ্ট ধারাগুলোর প্রয়োগ করে।[২১] • ট্রাফিকিং ইন পারসনস মনিটরিং সেল-এর আওতায় মানবপাচারের মামলাগুলো তদন্ত এবং মানবপাচার প্রতিরোধ ও দমন আইনের পাচারবিরোধী বিধানসমূহ প্রয়োগ করে।[২২]

[১৮] উৎস: http://dife.gov.bd/

[১৯] অ্যাচিভম্যান্ট অব দ্যা কান্ট্রি লেভেল এনগেজম্যান্ট এন্ড অ্যাসিস্টেন্স টু রিডিউস চাইল্ড লেবার (CLEAR) প্রজেক্ট। শ্রম পরিদর্শকদের জন্য একটি প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয় এবং সেই থেকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর শিশুশ্রমকে তাদের পরিদর্শন চেকলিস্ট ও রিপোর্টে সন্নিবেশিত করেছে।

[২০] জিওবি, মোল, ২০১৭। ইউ.এস. ডিপার্টমেন্ট অব লেবার শিশুশ্রম ও বাধ্যতামূলক শ্রমের তথ্য চেয়ে অনুরোধ করেছে।

[২১] ইউ.এস. এমবেসি-ঢাকা অফিসিয়াল, ২০১৪

[২২] জিওবি, মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্স, ২০১৫। ন্যাশনাল প্ল্যান অব অ্যাকশন ফর কম্ব্যাটিং হিউম্যান ট্রাফিকিং ২০১৫-২০১৭

বাংলাদেশ শ্রম আদালত	• শ্রম আইনের বিধান এবং সেইসঙ্গে শিশুশ্রম সংক্রান্ত বিধান লঙ্ঘনের বিচার, এবং নিয়োগকারীদের ওপর জরিমানা বা নিষেধাজ্ঞা আরোপ করে।[২৪] কেবল কিশোর শ্রমিকরা আইন স্বীকৃত।
শিশু সুরক্ষা নেটওয়ার্ক	• শিশুসহ শিশুশ্রম লঙ্ঘনের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করে। • বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সমন্বয়ে শিশুদের সুরক্ষা, আইন লঙ্ঘনের ক্ষেত্রে বিচারের ব্যবস্থা, কোনো ব্যবস্থাগ্রহণের ক্ষেত্রে পরিবীক্ষণ এবং জেলা ও উপজেলাস্থ আইন প্রয়োগকারী ও সমাজকল্যাণ প্রতিষ্ঠনের মধ্যে অনুরূপ বিষয়ে সেবা-সংযোগ পদ্ধতি প্রবর্তন করে।[২৫]

শ্রম আইন প্রয়োগের বিষয়ে সংক্ষিপ্ত পর্যলোচনা	২০১৬	২০১৭
অভিযোগ প্রক্রিয়া বিদ্যমান	হ্যাঁ	হ্যাঁ
শ্রম কর্তৃপক্ষ এবং সমাজসেবা প্রতিষ্ঠানগুলোর মধ্যে পারস্পরিক সেবা-সংযোগ পদ্ধতি বিদ্যমান।	না	না

উৎস: টিম কনসোলিডেশন বেইজড অন জিওবি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ২০১৭, এবং ইউ.এস. এমব্যাসি-ঢাকা, ফেব্রুয়ারি ১৩, ২০১৮।

আইনী এবং নিয়ন্ত্রক কাঠামো

যদিও বাংলাদেশ বিভিন্ন শিশুশ্রম বিষয়ক আন্তর্জাতিক কনভেনশন অনুসমর্থন করেছে, কিন্তু ন্যূনতম বয়স সংক্রান্ত কনভেনশন নং ১৩৮ এখনও অনুসমর্থন করেনি। বাংলাদেশ হল অনুসমর্থনকারী প্রথম সারির দেশগুলোর মধ্যের একটি যা শিশু অধিকার সংক্রান্ত কনভেনশন (ইউএনসিআরসি/সিআরসি) ১৯৯০ সালে অনুসমর্থন করেছিল। ২০০১ সালে দেশটি নিকৃষ্ট ধরনের শিশুশ্রম সংক্রান্ত কনভেনশন নং ১৮২ অনুসমর্থন করে। যা-হোক, অদ্যাবধি দেশটি কনভেনশন নং ১৩৮সহ শিশুশ্রম সংক্রান্ত অন্য যে সকল কনভেনশন অনুসমর্থন করেনি তার বর্ণনা ছক ৮ -এ উপস্থাপিত হল:

ছক ৮: প্রাসঙ্গিক কনভেনশন যা অনুসমর্থিত হয়নি

আইএলও কনভেনশন যা বাংলদেশ কর্তৃক অনুসমর্থিত হয়নি	কনভেনশনের প্রাসঙ্গিকতা
সি ১৩৮: কাজে যোগদানের ন্যূনতম বয়স সংক্রান্ত কনভেনশন, ১৯৭৩	শ্রম আইনকে শিশু আইন, ২০১৩ ও ইউএনসিআরসি-এর সঙ্গে সমন্বিতকরণ।
সি ০৭৭: কিশোরদের স্বাস্থ্যপরীক্ষা (শিল্প) কনভেনশন, ১৯৪৬ সি ০৭৮: কিশোরদের স্বাস্থ্যপরীক্ষা (শিল্প বহির্ভূত পেশা) কনভেনশন, ১৯৪৬	এরূপ পরিস্থিতিতে শিশুরা নিযুক্ত/কর্মরত রয়েছে এবং সে-ক্ষেত্রে কিশোর শ্রমিকদের স্বাস্থ্য-সনদায়ন ও তত্ত্বাবধানের বিধান 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬'-এ সংশোধনক্রমে সন্নিবেশিত রয়েছে।
সি ১২৪: কিশোরদের স্বাস্থ্যপরীক্ষা (ভূ-গর্ভস্থ কাজ) কনভেনশন, ১৯৬৫	
সি ১৮৪: কৃষি খাতে সুরক্ষা ও স্বাস্থ্য কনভেনশন, ২০০১ সি ১৮৮: মৎস্য আরোহণ কনভেনশন, ২০০৭	কৃষি খাতে শিশুদের এক বিরাট অংশ নিযুক্ত রয়েছে কিংবা কাজ করছে।
সি ১৮৯: গৃহকর্মী কনভেনশন, ২০১১	যথাযথ কোনো আইনি দলিল ব্যতিরেকে এ খাতে অল্পবয়স্ক শিশুদের উপস্থিতি রয়েছে।
সি ১৭৭: গৃহকর্ম কনভেনশন, ১৯৯৬	
সি ১৯০: সহিংসতা ও হয়রানি সংক্রান্ত কনভেনশন, ২০১৯	শিশুদেরও কর্মস্থলে প্রাপ্তবয়স্কদের মতো সহিংসতা ও হয়রানির শিকার হতে হয়।

উৎস: টিম কনসলিডেশন বেজ্ড অন আইএলও।[২৬]

[২৪] জিওবি, ডি আই এফ ই, ২০১৫। কোয়েশ্চেন্স ফ্রম ইউ.এস. গভর্নমেন্ট।
[২৫] ইউ.এস. ডিপার্টমেন্ট অব স্টেট। কান্ট্রি রিপোর্ট অন হিউম্যান রাইটস প্রেকটিসেস-২০১৭: বাংলাদেশ। ওয়াশিংটন, ডিসি। মার্চ ৩, ২০১৭।
[২৬] উৎস: আইএলও।

শিশু অধিকার সনদের সঙ্গে দেশের আইনের সামঞ্জস্য বিধানের অংশ হিসাবে 'শিশু আইন ২০১৩' শিশুদের বয়স ১৮ বছরের নিচে নির্ধারণ করেছে। উক্ত আইন জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে শিশুকল্যাণ বোর্ড প্রতিষ্ঠার বিধান রেখেছে, পরিচর্যার ন্যূনতম মান নির্ধারণ করেছে, উপজেলায় শিশু-বান্ধব ডেস্ক স্থাপনের ব্যবস্থা করেছে এবং প্রবেশন কর্মকর্তার কর্তব্য ও দায়িত্ব সম্পর্কে নির্দেশনা দিয়েছে। যদিও কর্মজীবী শিশুদেরকে সুবিধাবঞ্চিত শিশুদের সংজ্ঞা থেকে বাদ দেওয়া হয়েছে।

শ্রম আইন ২০০৬ (২০১৩তে সংশোধিত) শিশু শ্রমিক (১৪ বছরের নিচে) এবং কিশোর শ্রমিক (১৪-১৮) সংজ্ঞায়িত করেছে। উক্ত আইন ১৪-১৮ বছরের শিশুদের যথাযথ কর্তৃপক্ষের স্বাস্থ্যসনদ সাপেক্ষে, হালকা শ্রমে নিয়োগের অনুমোদন প্রদান করে। শ্রম আইন সরকারকে কিশোরদের জন্য একটি ঝুঁকিপূর্ণ কাজের তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করে। বয়সের বৈষম্য ব্যতিত (সিআরসি, শিশু আইন ২০১৩ ও জাতীয় শিশু নীতি ২০১১ -এর সঙ্গে) আইনটির আরেকটি সীমাবদ্ধতা এই যে, আইনি অধিক্ষেত্র মূলত অর্থনীতির অপ্রাতিষ্ঠানিক খাতে ব্যাপকভাবে বিস্তৃত, যখন বৃহত্তম সংখ্যাগরিষ্ঠ শিশুরা অপ্রাতিষ্ঠানিক খাতে ঝুঁকিপূর্ণ শ্রমে নিযুক্ত রয়েছে (যথা: গৃহকর্ম)।

'শিক্ষা আইন ২০১৬'-এর খসড়া দুই বৎসরের প্রাক-প্রাথমিক এবং আট বছরের প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার বিধান অন্তর্ভুক্ত করেছে । উক্ত আইনের খসড়ায় ব্যবস্থাপনা কমিটি এবং শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। কম বয়সে ন্যূনতম/বাধ্যতামূলক শিক্ষা সমাপন ১৮ বছরের কম বয়সী শিশুদের চাকুরির ঝুঁকিতে ফেলবে।

'প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলককরণ) আইন ১৯৯০' প্রাথমিক শিক্ষায় ৬-১০ বছরের সকল শিশুর ভর্তি এবং এ-ক্ষেত্রে তালিকাভুক্তি বাধ্যতামূলক করাকে সমর্থন করে। এ আইনে শিশুদের যে কোনো কিছুতে সম্পৃক্ত (যেমন কর্মসংস্থানে) হওয়াকে নিষিদ্ধ করা হয়েছে, যা তাদের প্রাথমিক শিক্ষায় তালিকাভুক্তির অন্তরায়। এটি স্থায়ী বাসিন্দাদের তালিকাভুক্তিতে সহায়তা করে তবে, এই আইনি বাধ্যবাধকতা পালন অভ্যন্তরীণ অভিবাসী এবং বাস্তুচ্যুত জনগোষ্ঠীর জন্য জটিল করে তোলে ।

'মানব পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২'-তে মানব পাচারের একটি সুস্পষ্ট সংজ্ঞা রয়েছে যেখানে অর্থনৈতিক শোষণ, বাধ্যতামূলক শ্রম, শিশুদের যৌন নিপীড়ন অপরাধ হিসাবে গণ্য । আইনটি স্পষ্টরূপে পাচারের শিকার (বাধ্যতামূলক শ্রম, যৌন নিপীড়ন অন্তর্ভুক্ত) কোনো শিশুর "সম্মতি"র বিষয় বাদ দিয়ে শিশু অধিকার সম্বোধন করেছে। আদালতে ভিকটিমকে রুদ্ধ-কক্ষ বিচার এবং অন্যান্য বিশেষ সুরক্ষার ক্ষেত্রে আইনটি প্রবেশাধিকার প্রদান করেছে। উক্ত আইনে মামলার কার্যক্রম দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সরকারকে একটি পৃথক বিশেষ ট্রাইব্যুনাল গঠনের নির্দেশনা প্রদান করা হয়েছে। যদিও বিশেষ ট্রাইব্যুনাল এখনও প্রতিষ্ঠিত হয়নি এবং শাস্তি প্রদানের হার নগন্য।

ছক ৯: শিশুশ্রম-বিষয়ক আইন ও বিধি-বিধান

মান	বয়স	আইন
কাজের জন্য ন্যূনতম বয়স	১৪	• ধারা ৩৪, বাংলাদেশ শ্রম আইন
ঝুঁকিপূর্ণ কাজের জন্য ন্যূনতম বয়স	১৮	• ধারা ৩৯-৪০, বাংলাদেশ শ্রম আইন
শিশুদের জন্য নিষিদ্ধ ঝুঁকিপূর্ণ পেশা বা কার্যক্রম		• ধারা ৩৯-৪২, বাংলাদেশ শ্রম আইন • স্ট্যাটুটরি রেগুলেটরি অর্ডার নম্বর ৬৫[২৭, ২৮]
বাধ্যতামূলক শ্রম প্রতিরোধ		• ধারা ৩৭০ ও ৩৭৪, বাংলাদেশ দণ্ডবিধি • ধারা ৩, ৬ ও ৯, মানব পাচার প্রতিরোধ ও দমন আইন
শিশু পাচার প্রতিরোধ		• ধারা ৩ ও ৬, মানব পাচার প্রতিরোধ ও দমন আইন • ধারা ৬, নারী ও শিশু নির্যাতন দমন আইন

[২৭] জিওবি, ২০০৬, শ্রম আইন (২০১৩ সালে সংশোধিত)

[২৮] জিওবি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, চাইল্ড লেবার ইউনিট। লিস্ট অব ওয়ার্স্ট ফর্মস অব ওয়ার্কস ফর চিলড্রেন।

শিশুদের বাণিজ্যিক যৌন নিপীড়ন প্রতিরোধ		• ধারা ৩৭২ ও ৩৭৩, বাংলাদেশ দণ্ডবিধি • ধারা ৭৮ ও ৮০, শিশু আইন • ধারা ৩ ও ৬, মানব পাচার প্রতিরোধ ও দমন আইন • ধারা ৮, পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইন
অবৈধ কার্যক্রম শিশুদের ব্যবহার নিষিদ্ধ		• ধারা ৭৯, শিশু আইন
বাধ্যতামূলক শিক্ষার বয়স	১০	• ধারা ২, প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলক করণ) আইন
অবৈতনিক গণশিক্ষা		• অনুচ্ছেদ ১৭, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান; শিক্ষা আইন, ২০১৬ (খসড়া)

উৎস: ইউনাইটেড স্টেটস ডিপার্টম্যান্ট অব লেবার'স ব্যুরো অব ইন্টারন্যাশনাল লেবার এফেয়ার্স, বাংলাদেশ মডারেট প্রগ্রেস; ২০১৭ ফাইন্ডিংস অন দ্যা ওয়ার্স্ট ফর্ম অব চাইল্ড লেবার।

জাতীয় নীতিসমূহ

জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০, শিশুশ্রম প্রতিরোধ ও নিরসনের ক্ষেত্রে জাতীয় স্তম্ভ স্বরূপ। যেহেতু, শ্রম আইন ১৪ বছরের কম বয়সের ব্যক্তিকে শিশু এবং ১৪ বছর পূর্ণকারী কিন্তু ১৮ বছরের কম বয়সের ব্যক্তিকে কিশোর হিসাবে সংজ্ঞায়িত করেছে। এ নীতি প্রাতিষ্ঠানিক খাতে দৃষ্টি নিবদ্ধ করে এবং শিক্ষা, আইন প্রণয়ন ও প্রয়োগ, শিশুশ্রম প্রতিরোধ ও শিশুদের সুরক্ষা এবং সামাজিক ও পারিবারিক পূণঃএকীভূতকরণের ব্যবস্থা করে। এর লক্ষ্যসমূহের মধ্যে রয়েছে:

- ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের কাজ থেকে শিশুদের প্রত্যাহার;
- কর্মরত শিশুদের পিতা-মাতাকে আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্তকরণ;
- কর্মরত শিশুদের বিদ্যালয়ে ফিরিয়ে আনতে উপবৃত্তি ও অনুদান প্রদান;
- প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ শিশুদের প্রতি বিশেষ মনোযোগ প্রদান;
- আদিবাসী ও শারীরিক প্রতিবন্ধী শিশুদের প্রতি বিশেষ গুরুত্বারোপ;
- সংশ্লিষ্ট অংশীজন এবং খাতগুলোর মধ্যে সহযোগিতা নিশ্চিতকরণ;
- প্রায়োগিক আইন প্রণয়ন এবং তা প্রয়োগের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ;
- শিশুশ্রমের ক্ষতিকর পরিণতি সম্পর্কে পিতা-মাতা, জনসাধারণ এবং সুশীল সমাজের সচেতনতা সৃষ্টি: এবং
- নানা প্রকারের শিশুশ্রম নিরসনের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি বিভিন্ন কৌশল ও কর্মসূচির পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন।

জাতীয় শিশু নীতি ২০১১, আঠারো (১৮) বছরের কম বয়সের যে কোনো ব্যক্তিকে শিশু হিসাবে সংজ্ঞায়িত করে।[২১] নীতিটি শিক্ষা, স্বাস্থ্য, অবকাশ, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও জন্মনিবন্ধনে শিশুদের অধিকার তুলে ধরে: সেইসঙ্গে বিশেষ অধিকার প্রদান করে যা প্রতিবন্ধী, সংখ্যালঘু সম্প্রদায়/সংখ্যালঘু ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের সম্পৃক্ত করে এবং কিশোর-কিশোরীদের তাদের বিকাশের ক্ষেত্রে আরও অধিকার ন্যস্ত করে। যদিও নীতিটিতে (ধারা ৯) জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০ ভিত্তিক ১১টি বিধান রয়েছে, কিন্তু এটি হুবহু এক নয়। এই নীতিতে বাস্তবায়নের ক্ষেত্রে চিহ্নিত ১০টি মন্ত্রণালয়ের আন্তঃসমন্বয়ের বিষয়ে কোনো নির্দেশনা নেই।

জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০ বাস্তবায়নার্থে জাতীয় শিশুশ্রম নিরসন কর্মপরিকল্পনা ২০১২-২০১৬ গৃহীত হয়েছে। এই কৌশলপত্র কৌশলগত ক্ষেত্রগুলির আউটপুট-এর আলোকে পদক্ষেপ গ্রহণক্রমে জাতীয় শিশুশ্রম নিরসন নীতির কৌশলগত নির্দেশনা

[২১] এটি জাতীয় শিশুনীতি ১৯৯৪-কে প্রতিস্থাপন করেছে: সি আর সি-এর নীতি ও শর্তসমূহ অন্তর্ভুক্তকরণের জন্য, সেইসঙ্গে বৈষম্যহীনতা, শিশুদের সর্বোচ্চ স্বার্থ এবং শিশুদের অংশগ্রহণ।

অনুসরণ করেছে। দলিলটি এর কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে একটি নির্দেশক বাজেট সহকারে সরকারি ও বেসরকারি অংশীজনের ভূমিকা চিহ্নিত করেছে। কৌশলপত্রের সুপারিশ অনুসারে, ২০১৪ সালে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ এবং আরও পরে জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি ও উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি গঠিত হয়। কার্যত, এ পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ কোনো উদ্যোগ পরিলক্ষিত হয়নি। উক্ত কৌশলপত্র অন্যান্য বিষয়ের মধ্যে নিকৃষ্ট ধরনের শিশুশ্রম নিরসনের লক্ষ্যে সুস্পষ্টভাবে অগ্রাধিকার নির্ধারণ করেনি। শিশুশ্রম মোকাবেলায় ক্ষেত্র ও খাতভিত্তিক উদ্যোগের বিষয়ও স্পষ্টভাবে বর্ণনা করেনি।[২০] যদিও সূচনায় এর অবসানকাল ছিল ২০১৬ সাল, সরকার তা ২০২১ সাল পর্যন্ত বাড়িয়েছিল। এর বাস্তবায়ন-অগ্রগতির বিষয়ে কোনো মূল্যায়ন হয়নি। বাস্তবায়নের বিষয়ে একটি নমুনাসূচক মূল্যায়ন টিডিএইচ (TdH) নেদারল্যান্ডস-এর সহায়তায় ইনসিডিন বাংলাদেশ পরিচালনা করেছিল। মূল্যায়নলব্ধ বিষয়াদি কৌশলপত্র ২০২১-২৫ প্রণয়নের ক্ষেত্রে ব্যবহৃত হয়েছে।

জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল: বাংলাদেশ ২০১৫, চিহ্নিত করে যে নব্বই দশকের মাঝামাঝি থেকে শিশুশ্রমিক হ্রাস মূলত মেয়েদের মধ্যে ঘটেছে, যা মেয়েদের মাধ্যমিক বিদ্যালয়ে উপবৃত্তি কর্মসূচির প্রভাবেরই প্রতিফলন; সেইসঙ্গে এটিও নির্দেশ করে যে, দারিদ্র্য শিশুশ্রম ও বাল্যবিবাহকে চালিত করে। মন্ত্রিপরিষদ বিভাগ এর বাস্তবায়নে জড়িত।

গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি ২০১৫ কর্মে নিয়োগের ন্যূনতম বয়স ১২ বছর নির্ধারণ এবং সেইসঙ্গে গৃহকর্মীকে কোনো ভারী ও বিপজ্জনক কাজে যুক্ত না করার ওপর গুরুত্বারোপ করেছে। উক্ত নীতি একটি শিথিল অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া প্রতিষ্ঠা করেছে যার মাধ্যমে একজন গৃহকর্মীকে সহায়তা পাওয়ার জন্য কেন্দ্রীয় পরিবীক্ষণ সেল, মানবাধিকার সংগঠন এবং শ্রমিক সংগঠন কিংবা চাইল্ড হেল্পলাইনে (শিশুর ক্ষেত্রে) অভিযোগ জানাতে হয়। নীতিটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রমিক কল্যাণ তহবিলে গৃহকর্মীদের প্রবেশাধিকারের ঘোষণা প্রদানের মধ্য দিয়ে কর্ম-সম্পৃক্ত দুর্ঘটনা এবং জখমের ক্ষেত্রে অনির্ধারিত অঙ্কের ক্ষতিপূরণের ব্যবস্থা রেখেছে। সহায়ক আইনি দলিল ও জনসচেতনতার অভাবে নীতিটি বহুলাংশে অবাস্তবায়িত থেকে যায়।[২১]

শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ কাজের তালিকা ২০১৩ -এ মোট ৩৮টি কাজ/নিয়োগ খাত অন্তর্ভুক্ত হয়েছে। অন্যান্যদের মধ্যে সরকার (শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়) শিশুদের গৃহশ্রমসহ শুকনো মাছ এবং বর্জ্য নিষ্কাশনের মতো খাতগুলোকে ঝুঁকিপূর্ণ কাজের তালিকায় অন্তর্ভুক্ত করেনি।[২২] তালিকাটি শিশুশ্রমের এক বৃহদাংশকে ঝুঁকিপূর্ণ অবস্থায় ফেলে রেখেছে।

জাতীয় শিক্ষানীতি ২০১০ প্রাক-প্রাথমিক শিক্ষা, অষ্টম শ্রেণি পর্যন্ত সর্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তন করে। এ নীতি প্রাথমিক পর্যায়ে সকল প্রাথমিক বিদ্যালয়ে বৃত্তিমূলক শিক্ষার সুযোগ (স্বল্প পরিমাণে) রেখেছে। অন্যান্যের মধ্যে, এটি শিক্ষার ক্ষেত্রে বাধা অপসারণের এবং শিশু শ্রমিকদের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণের আহ্বান জানায়। এর লক্ষ্য হিসাবে, নীতিটি সামাজিক ও অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত সকল শিশুকে শিক্ষা পরিষেবার আওতায় নিয়ে আসতে সরকারকে নির্দেশনা প্রদান করে। ঝরে পড়া রোধ করতে পথশিশু ও অন্যান্য সুবিধাবঞ্চিত শিশুদের জন্য বিনা খরচায় ভর্তি, বিনা মূল্যে শিক্ষা-উপকরণ, মধ্যাহ্নভোজ এবং উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে এ নীতি সহায়তা বৃদ্ধির আহ্বান জানায়। অবকাঠামোগত সীমাবদ্ধতার কারণে সর্বজনীন প্রাথমিক শিক্ষার বাস্তবায়ন ব্যহত হয়।

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২০-২০২৫ এর অন্তর্ভুক্তি কৌশলের আওতায় শিশুশ্রমকে অন্তর্ভুক্ত করেছে এবং শিশুশ্রম হ্রাসকরণ ও নিকৃষ্ট ধরনের শিশুশ্রম নিরসনের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আহ্বান জানিয়েছে। এটি নিকৃষ্ট ধরনের শ্রমে জড়িয়ে পরা শিশুদের ওপর দৃষ্টি নিবদ্ধ রেখে প্রাতিষ্ঠানিক খাতে কর্মরত শিশুদের জন্য একটি নীতি প্রণয়নের অঙ্গীকার ব্যক্ত করে। অপব্যবহার থেকে সুরক্ষা এবং কার্যকর পুনর্বাসন ও বিকাশের লক্ষ্যে সকল অংশীজনের সমন্বিত উদ্যোগে পথশিশুদের সহায়তা করতে হবে। কর্মরত শিশুদের আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় প্রবেশাধিকার উন্নত করতে, বিশেষ করে বিপর্যস্ত পরিবারগুলোর জন্য সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রতিশ্রুতি ব্যক্ত করে।

[২০] টেরি ডেস হোমস, ২০১৯। রিপোর্ট অন মাল্টি-স্টেকহোল্ডার কন্সাল্টেশন অন এলিমিনেশন অব ডব্লিউএফসিএল, টিডিএইচ নেদারল্যান্ডস।
[২১] ইসলাম, মোহাম্মদ এন্ড সরকার, এমডি, ২০১৭। আন্ডারস্ট্যান্ডিং ডোমেস্টিক ওয়ার্কার্স প্রটেকশন এন্ড ওয়েলফেয়ার পলিসি এন্ড ইভ্যালুয়েটিং ইটস অ্যাপ্লিকেশন্স টু ম্যানেজিং হিউম্যান রিসোর্সেস অব ইনফরমাল সেক্টরস ইন বাংলাদেশ। জার্নাল অব এশিয়ান বিজনেস স্ট্র্যাটিজি।
[২২] উইনরক ইন্টারন্যাশনাল, ২০১৯। চাইল্ড লেবার ইমপ্রুভমেন্ট ইন বাংলাদেশ। কন্সাল্টেশন অন এলিমিনেশন অব ডব্লিউএফসিএল।

আইনি ও নীতিগত কাঠামোতে সন্তোষজনক অগ্রগতি অর্জন করা সত্ত্বেও শিশুশ্রম এবং অন্যান্য ক্ষতিকর দৃষ্টিভঙ্গি ও নিয়ম পরিবর্তনের ক্ষেত্রে গতি মন্থর বলে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উল্লেখ রয়েছে। কারণগুলোর মধ্যে রয়েছে এ সংশ্লিষ্ট আইনসমূহ প্রয়োগের ক্ষেত্রে সক্ষমতার এবং গণসচেতনতার অভাব। এই কর্মপরিকল্পনা উল্লেখ করে যে, সরকার আবশ্যিকভাবে জনসচেতনতামূলক প্রচারাভিযান অধিক হারে পরিচালনার মাধ্যমে শিশুদের ক্ষমতায়নে অব্যাহত প্রয়াস চালিয়ে যাবে, যেন এই আইনগুলি সম্পর্কে সাধারণ মানুষ ভালভাবে জানে এবং প্রত্যেকটি পরিবার সংবেদনশীল হয়ে ওঠে। যা হোক, জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০ বাস্তবায়নের ক্ষেত্রে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা বহুলাংশে নির্ভর করে জাতীয় কর্মপরিকল্পনার ওপর যা (নীতি) তার ১০টি লক্ষ্য অর্জনে খুব একটা এগুতে পারেনি।

পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের অংশগ্রহণে এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এসজিডি অভীষ্ট ৮.৭ অর্জনের উদ্দেশ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ২০২০ সাল পর্যন্ত প্রকল্প/কর্মসূচি নির্ধারণ করেছিল, যা হলো: ক) বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন কার্যক্রম বাস্তবায়ন; খ) ৩৮টি ঝুঁকিপূর্ণ খাতের তালিকা অনুযায়ী ডেটাবেজ তৈরি; গ) হস্তক্ষেপণের তালিকা তৈরি; ঘ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের কমিটিগুলোকে শক্তিশালী এবং কার্যকরকরণ; ঙ) বিদ্যমান কৌশলপত্র পর্যালোচনা এবং ২০২১ সালের জন্য স্বল্প-মেয়াদি কৌশলপত্র এবং ২০২৫ সাল পর্যন্ত মধ্য-মেয়াদি কৌশলপত্র প্রণয়ন; চ) একটি কার্যকর সমন্বয় পদ্ধতি প্রবর্তন। ২০২০ সাল পর্যন্ত পরিকল্পিত কার্যক্রমের অগ্রগতি খুব বেশি দৃশ্যমান হয়নি।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার (EFYP) বাইরেও ২০২১-২০৩০ মেয়াদের কার্যক্রম চিহ্নিত করেছে। এগুলোর মধ্যে কয়েকটি হলো: ১) গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি ২০১৫-এর বাস্তবায়ন; ২) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে মানবসম্পদ বৃদ্ধিকরণ; ৩) মন্ত্রণালয় ও বিভাগে অভিযোগ ব্যবস্থাপনা সেল গঠন; ৪) কার্যকর সচেতনতামূলক কর্মসূচি প্রণয়ন এবং মূল অংশীজনদের উদ্দেশ্যে সম্প্রসারণমূলক প্রচারাভিযান চালুকরণ; ৫) সিএসআর কার্যক্রম উন্নীতকরণে ব্যবস্থা গ্রহণ; ৬) সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা -এর সফল অংশগুলোর সম্প্রসারণ; ৭) অরক্ষিত পরিবারগুলোর জন্য নিরাপত্তা বেষ্টনী প্রবর্তন; ৮) গৃহকর্ম সুরক্ষা আইন প্রণয়ন; ৯) অপ্রাতিষ্ঠানিক খাতের জন্য নিয়ন্ত্রক কাঠামো গঠন; ১০) আইএলও কনভেনশন ১৩৮ ও অন্যান্য কনভেনশন অনুসমর্থন।

মানব পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১৮-২০২২[৩৩]-এর ওপর প্রণীত জাতীয় কর্মপরিকল্পনা, শিশু পাচার ও বাধ্যতামূলক শিশুশ্রম অন্তর্ভুক্তিক্রমে এ সংক্রান্ত সমস্যাবলি মোকাবেলা করে। অরক্ষিত ও পাচারের শিকার শিশুদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ ও সুরক্ষা প্রদানের বিষয় উক্ত কর্মপরিকল্পনায় উল্লেখ আছে, কিন্তু সার্বিকভাবে প্রতিরোধ, সুরক্ষা, অভিযোগ দায়ের এবং এনপিএ'র সমন্বয়-সম্পৃক্ত কৌশলগত উদ্দেশ্যসমূহের ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে হস্তক্ষেপের সুযোগ এর নেই। তবে, এটি অংশীদার-গুচ্ছে (partnership cluster) মানবপাচার প্রতিরোধ কমিটিতে (CTCs) শিশু-প্রতিনিধিদের অন্তর্ভুক্তির মধ্য দিয়ে শিশুদের অংশগ্রহণ উন্নীত করেছে।

সম্পদ আহরণ

সরকার বর্তমান সময়ে শিশুদের জন্য মোট দেশজ উৎপাদনের (জিডিপি)-এর ২.৫৫% ব্যয় করে। **বি**গত ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থবছরে দেশের শিশুখাতে জাতীয় বাজেটে গড় বরাদ্দ ছিল ১৪%। যা-হোক, শিশু-নিবদ্ধ বাজেট শিশুশ্রম হ্রাসের লক্ষ্যে অর্থছাড় অনুমোদন করে না। এর আওতাভুক্ত বিভিন্ন কার্যক্রমের মধ্যে রয়েছে অর্থ হস্তান্তর, উপানুষ্ঠানিক শিক্ষা, প্রশিক্ষণ, প্রতিরোধ-উদ্যোগ, সক্ষমতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক পরিবর্তন। স্বাস্থ্য ও শিক্ষা খাত গুরুত্বপূর্ণ এবং শিশুদের জন্য এ খাতগুলোর বরাদ্দ-বণ্টনও তাৎপর্যপূর্ণ। বিগত ৩০ বছর শিশুদের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের গড় বরাদ্দ ছিল ৮.২%। সম্প্রতি, বাড়তি চেষ্টা চালানো হচ্ছে।

[৩৩] স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতায়, এস ডি জি ১৬.২ বাস্তবায়ন করা হয়।

সরকার মোট ব্যয়ের ১৫%-এর অধিক অর্থ ৮৪টি সামাজিক সুরক্ষাবেষ্টনী কর্মসূচিতে ব্যয় করে যা হত-দরিদ্র ও অরক্ষিত জনগোষ্ঠীর সেবায় ব্যয়িত হয়।[illegible] ২০১১ সালে সরকার সামাজিক সুরক্ষাবেষ্টনী কর্মসূচিতে অন্তর্ভুক্তি-প্রক্রিয়া উন্নতকরণের উদ্দেশ্যে জাতীয় জনসংখ্যা ডেটাবেজ তৈরির সম্ভাব্যতা যাচাই করার লক্ষ্যে একটি পাইলট প্রকল্প গ্রহণ কর ।[illegible] উক্ত গবেষণাপত্র অনুযায়ী এ সকল কর্মসূচি অথবা অন্যান্য সামাজিক সুরক্ষাবেষ্টনী কর্মসূচির কোনো প্রভাব শিশুশ্রমে পরে কি না তার ওপর কোনো সমীক্ষা হয়নি।[illegible]

সরকার জাতিসংঘ এবং উন্নয়ন সহযোগীদের সঙ্গে এ খাতে সমর্পিত সম্পদ আহরণের ক্ষেত্রে সহযোগিতা করে। বিভিন্ন সংস্থা ও রাষ্ট্রের সঙ্গে সরকারের ব্যাপক আন্তঃসংযোগ ও অংশিদারিত্ব রয়েছে।

অংশীজনদের মধ্যে সম্পদের বণ্টন এখনও সামঞ্জস্যপূর্ণ নয়। বিনিয়োগসমূহ সাধারণত প্রকল্পভিত্তিক এবং অন্যান্য উদ্যোগের সঙ্গে নিরবচ্ছিন্নতা ও সংযোগ রক্ষার ক্ষেত্রেও ঘাটতি রয়েছে। অধিকন্তু, সরকার কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় ব্যক্তিগত সম্পদ আহরণ করতে পারেনি। যদিও একটি সিএসআর নীতি রয়েছে, সরকারি পর্যায়ে কর্পোরেট খাতের সঙ্গে বৈশ্বিক অংশিদারত্বের দৃশ্যমান উপস্থিতি গোচরীভূত হয় না। এনজিও ও আইএনজিওগুলো সময়াবদ্ধ ক্ষুদ্র উদ্যোগ গ্রহণ করার জন্য দেশীয় ও আন্তর্জাতিক সিএসআর-সম্পদ আহরণ করে থাকে।[illegible]

১.৪ কৌশলপত্র ২০১২-২০১৫ থেকে শিক্ষা গ্রহণ

শিশুশ্রম নিরসনে কৌশলপত্র (২০১২-২০১৬, ২০২১ পর্যন্ত বর্ধিত)-এর বাস্তবায়ন অগ্রগতির অভিজ্ঞতা মিশ্র ফলাফল প্রকাশ করে।[illegible] নিম্নবর্ণিত ম্যাট্রিক্স কতিপয় মুল বৈশিষ্ট্য ধারণ করে।

কৌশলপত্র বাস্তবায়ন পরিকল্পনা ২০১২-২০১৬	অগ্রগতি ও সংশ্লেষ
জাতীয় থেকে উপজেলা পর্যন্ত সচিবালয়ের ব্যবস্থাপনা।	জাতীয় সচিবালয় কর্মক্ষম।
জাতীয় শিশুশ্রম কল্যান পরিষদ	জাতীয় শিশুশ্রম কল্যান পরিষদ গঠিত হয়েছে, প্রাতিষ্ঠানিকভাবে দাঁড়িয়েছে এবং কর্মক্ষম হয়েছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নেতৃত্বে এ প্রক্রিয়ায় আইএলও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সঙ্গে সহায়তা প্রদান করে অগ্রগণ্য ভূমিকা পালন করেছে ।
শিশুশ্রমের জরিপ/আনুমানিক হিসাব (বিভাগীয় পর্যায়)	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর নিজস্ব কর্মীদের দ্বারা জরিপ করেছে। কিন্তু, প্রমানীকরণ করা যায়নি।
শিশুশ্রম নিরসন সংক্রান্ত সমস্যা ও প্রক্রিয়া সম্পর্কে অবগত করার জন্য সরকারি কর্মকর্তা, এনজিও সদস্য এবং স্থানীয় সম্প্রদায়ের নেতৃবৃন্দদের প্রশিক্ষণ প্রদান।	আইএলও'র ক্লিয়ার প্রকল্পের আওতায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং স্থানীয় প্রশাসনের সক্ষমতা অর্জনের লক্ষ্যে কিছু সংখ্যক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। বিএসএফ, ইনসিডিন বাংলাদেশ, টিডিএইচ নেদারল্যান্ডস, ওয়ার্ল্ড ভিশন,

[illegible] দ্যা নিউজ টুডে, ২০১১। প্রধানমন্ত্রী উন্নয়ন সহযোগীদের সহায়তা চালিয়ে যেতে আহবান জানান, অক্টোবর ২০১০।

[illegible] ফিউচারগভ, ২০১১। বাংলাদেশ ন্যাশনাল পপুলেশন রেজিস্ট্রার প্রকল্প গ্রহণ করেছে, ২০১৪।

[illegible] গভর্নমেন্ট অব বাংলাদেশ, ২০১১। মিনিস্ট্রি অব উইমেন এন্ড চিলড্রেন অ্যাফেয়ার্স মিডিয়াম টার্ম এক্সপেন্ডিচার: ঢাকা।

[illegible] সেভ দ্যা চিলড্রেন ইন বাংলাদেশ, ২০১৪। ম্যাপিং অব গুড চাইল্ড রাইটস কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি (সিএসআর) প্রেকটিসেস ইন বাংলাদেশ, চাইল্ড রাইটস গভর্ন্যান্স।

[illegible] ইনসিডিন বাংলাদেশ, ইমপ্লিমেন্টেশন মনিটরিং অব এনপিএ অন চাইল্ড লেবার চ্যালেঞ্জেস, বটলনেক এন্ড ওয়ে ফরোয়ার্ড; ইসিএল প্রোজেক্ট, টিডিএইচ নেদারল্যান্ডস, ঢাকা, ২০১৯।

	মানুষের জন্য ফাইন্ডেশন, ইউনিসেফ প্রশিক্ষণ ও পারামর্শ কার্যক্রম পরিচালনা করেছে। যদিও জাতীয় কর্মপরিধি স্থানীয় সম্প্রদায় বা প্রাতিষ্ঠানিক সক্ষমতার ক্ষেত্রসহ সকল পর্যায়ে তা অর্জন করতে পারেনি।
অনলাইন/ইলেকট্রনিক/ই-মেইল সংযোগ স্থাপনের মাধ্যমে কমিটিসমূহের মধ্যে আন্তঃযোগাযোগ প্রতিষ্ঠা; মেয়াদভিত্তিক প্রতিবেদন দাখিল পদ্ধতি প্রবর্তন, তথ্য সংগ্রহ ও সমন্বয়ক্রমে তা জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদের (NCLWC) নিকট উপস্থাপন।	মেয়াদভিত্তিক প্রতিবেদন দাখিল পদ্ধতি প্রবর্তিত হয়েছে। বিভিন্ন প্রশাসনিক পর্যায় ও ভিন্ন ভিন্ন স্থানে কমিটিগুলোর বিবিধ কর্মযোগের কারণে প্রতিবেদনগুলো বিস্তৃত আকারের হয় না। জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদের (NCLWC) সভায় উপাত্তসমূহ পর্যালোচনা করে থাকে।
একটি শিশুশ্রম অনুসরণ (tracking) পদ্ধতি প্রবর্তন।	আইএলও তার ক্লিয়ার প্রজেক্টের আওতায় প্রকল্প এলাকায় জনগোষ্ঠীভিত্তিক শিশুশ্রম অনুসরণ পদ্ধতি প্রবর্তন করেছে। এ বিষয়ে লব্ধ অভিজ্ঞতা সম্ভাবনাময় এবং তা জাতীয় পর্যায়ে প্রবর্তনযোগ্য।
উপজেলাসমূহে যৌথ পদির্শন দল গঠন।	উপজেলা কমিটিগুলোকে কর্মক্ষম হতে সহায়তা প্রয়োজন।
পাঠাগার স্থাপন/শক্তিশালীকরণ (বিভাগীয়)	অগ্রগতি উল্লেখযোগ্য নয়।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ২০১২-২০২০ সময়কালে সচেতনতা বৃদ্ধির মধ্য দিয়ে শিশুশ্রম থেকে শিশুদের প্রত্যাহার, উপানুষ্ঠানিক শিক্ষার সম্প্রসারণ, বৃত্তিমূলক দক্ষতা প্রশিক্ষণ এবং পিতা-মাতা/ পরিবারের জন্য বিকল্প আয়বর্ধক সহায়তা প্রদানের লক্ষ্যে বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন প্রকল্প বাস্তবায়ন করেছে। উক্ত প্রকল্পের তৃতীয় পর্যায় (২০১৫-১৬)-এর লক্ষ্য ছিল ৩০,০০০ শিশুকে বাংলাদেশের ৪৩টি ঝুঁকিপূর্ণ পেশা থেকে অপসারণ এবং তাদের কনিষ্ঠ ভাই-বোনদের নিকৃষ্ট ধরনের শ্রম সম্পর্কে অধিক ধারণা প্রদান।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সেই লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এখানে ৬৩,৬০১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় অবৈতনিক শিক্ষা প্রদান করে, বেশ কিছু গণশিক্ষা কর্মসূচিও রয়েছে। রিচিং আউট অব স্কুল চিলড্রেন প্রকল্প (ROSC) ফেইজ-২ হচ্ছে ৮-১৪ বছর বয়সের সুবিধাবঞ্চিত শিশু, যারা কখনো বিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়নি কিংবা অন্যান্য প্রয়োজনীয়তার কারণে ঝরে পড়েছে, তাদেরকে শিক্ষা গ্রহণে দ্বিতীয়বারের মতো সুযোগ করে দেওয়ার একটি সরকারি প্রয়াস। ধারণাটি হলো (১) প্রাথমিক শিক্ষায় ন্যায্য সুযোগ গ্রহণ; (২) পড়াশুনা চালিয়ে যাওয়া এবং (৩) মানসম্মত প্রাথমিক শিক্ষা সম্পন্ন করার মধ্য দিয়ে ঝরে পড়ার সংখ্যা হ্রাসকরণ। শিক্ষার্থীরা শিক্ষা-উপকরণ, পরীক্ষার ফি, পোশাক ও শিক্ষাভাতা পেয়ে থাকে। জনসমাজের অংশগ্রহণে 'আনন্দ স্কুল' নামে পরিচিত শিক্ষাকেন্দ্র প্রতিষ্ঠার জন্য অনুদান প্রদান করা হয়ে থাকে। সংশ্লিষ্ট আওতাধীন (catchment) এলাকা থেকে শিক্ষকদের নিযুক্ত করা হয়। এ প্রকল্পে ১৪৮টি উপজেলা এবং ১১টি সিটি কর্পোরেশনের বস্তিগুলোকে আওতাভুক্ত করে ভিন্ন ভিন্ন কর্মসূচি রয়েছে। ২৫০০ রস্কের স্নাতক, শিশুকল্যাণ ট্রাস্টের শিক্ষার্থী এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৫ বছরের অধিক বয়সের শিক্ষার্থীদের জন্য কর্মসংস্থানের সুযোগ রেখে প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি এ প্রকল্প গ্রহণ করেছে।[৩৯]

আইএলও'র ক্লিয়ার প্রকল্প জনসমাজে শ্রমপরিদর্শন পদ্ধতির শক্তিশালীকরণ এবং পরিবীক্ষণ প্রক্রিয়ার উৎকর্ষবিধানে দৃষ্টি নিবদ্ধ করেছিল; কর্মক্রিয়ার মধ্যে রয়েছে বিদ্যমান পদ্ধতি পর্যবেক্ষণ; নিয়মিত পরিদর্শন পদ্ধতিতে শিশুশ্রম সন্নিবেশক্রমে প্রশিক্ষণ ম্যানুয়েল এবং প্রমিত কার্যপ্রণালী প্রণয়ন এবং শ্রমপরিদর্শকদের প্রশিক্ষণ। আইনপ্রয়োগকারী কর্মকর্তাসহ শ্রম অদালতের বিচারক ও কৌসুলিদের সক্ষমতা বাড়ানো হয়েছিল। প্রকল্পটি সামাজিক পর্যায়ে পরিবীক্ষণ পদ্ধতি (CLMS) -শীর্ষক একটি পরীক্ষামূলক কর্মসূচিও (pilot programme) চালু করেছিল।

[৩৯]আরওএসসি (ROSC) রিচিং আউট-অব-স্কুল চিলড্রেন (ফেইজ-২) (rosc-bd.org)

এরূপ অগ্রসরতা সত্ত্বেও শিশুশ্রমে নিযুক্ত শিশুদের একটি বিরাট অংশের এখনও বিশেষ করে অপ্রাতিষ্ঠানিক খাতে সহায়তা ও তত্ত্বাবধানের প্রয়োজন রয়েছে। সেইসঙ্গে অগ্রাধিকারপ্রাপ্ত জাতীয় উন্নয়ন পরিকল্পনায় (FYP এবং এসডিজি বাস্তবায়ন পরিকল্পনা) কৌশলপত্র সমন্বিত না হওয়ায় তা মূলধারার বণ্টন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ প্রক্রিয়া থেকে আলাদা থেকে গেছে । কৌশলপত্রের পরিবীক্ষণের মূলকাঠামো (mainframe) থেকে পরিকল্পনা কমিশন, আইএমইডি এবং বিবিএস বাদ পড়ায় তা বিচ্ছিন্নতা ও সক্ষমতায় ব্যবধান সৃষ্টি করেছে। পূর্ববর্তী কৌশলপত্রের পরিকল্পনাভুক্ত কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে অনেকগুলো মন্ত্রণালয়ের অগ্রাধিকার ও সম্পদপ্রাপ্তির ঘাটতি ছিল- যা চ্যালেঞ্জ হিসাবে দেখা দেয়।

এ সকল প্রকল্পে সুশীল সমাজের সংগঠনসমূহ সুনির্দিষ্টভাবে এনজিওগুলো ছিল তৃণমূল পর্যায়ের প্রধান বাস্তবায়নকারী সংগঠন। এনজিওগুলো বিভিন্ন উন্নয়ন সহযোগীদের সহায়তায় এর অতিরিক্ত প্রকল্পও বাস্তবায়ন করেছে। শ্রমিক ইউনিয়নগুলোও প্রকল্প বাস্তবায়ন করেছে এবং শিশুশ্রম মোকাবেলার ক্ষেত্রে জিও ও এনজিও' র কর্মকাণ্ডে অংশগ্রহণ করেছে। জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (NCLWC) একটি সম্মিলিত ফোরামে পরিণত হয়েছিল, যেখানে সকল অংশীজন তাদের অর্জিত অভিজ্ঞতা বিনিময়, যৌথভাবে পরিকল্পনা গ্রহণ, কার্যক্রম সমন্বিত উদ্যোগ এবং কাজের অগ্রগতি পরিবীক্ষণ করেছে।

পূর্ববর্তী কৌশলপত্রের প্রকল্পগুলোর বাস্তবায়ন সাফল্যের ওপর ভিত্তি করে, কৌশলপত্র ২০২১-২০২৫ প্রতিরোধ ও সুরক্ষার ক্ষেত্রে সচেতনতা বৃদ্ধি, শিক্ষা, দক্ষতা এবং শিশু ও তাদের পিতা-মাতার জন্য জীবিকার বিকল্পগুলোকে সম্পৃক্ত করে একটি সমন্বিত উদ্যোগের ওপর অগ্রাধিকার প্রদান করেছে। পূর্ববর্তী কৌশলপত্রের সম্পদ আহরণ, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ সংশ্লিষ্ট চ্যালেঞ্জসমূহ থেকে শিক্ষা গ্রহণক্রমে বর্তমান কৌশলপত্রকে পঞ্চবার্ষিক পকিল্পনা (FYP) ও এসডিজি বাস্তবায়ন-কাঠামোর সঙ্গে সমাঞ্জস্যপূর্ণ করা হয়েছে। পঞ্চবার্ষিক পকিল্পনা (FYP) ও এসডিজি বাস্তবায়ন কাঠামোর সঙ্গে সমন্বিত হওয়ায় কৌশলপত্র ২০২১-২০২৫ সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের অগ্রাধিকার এবং সম্পদের বিষয়ও নিশ্চিত করেছে। আইএলও'র ক্লিয়ার প্রকল্প কর্তৃক কৌশলপত্র ২০১২-২০১৬ এর বাস্তবায়ন পর্যায়ে পরিবীক্ষণ ডেটা তৈরিতে বিপত্তি এবং জনসমাজভিত্তিক পরিবীক্ষণ প্রয়াসের সাফল্যের ব্যবহার - তৃণমূল পর্যায়ে শিশুশ্রম পরিবীক্ষণ কমিটিগুলোকে শক্তিশালীকরণ এবং জনসমাজের কুশীলবদের সকল পর্যায়ে কার্যকর করার প্রয়োজনীয়তাকে দৃশ্যমান করেছে। পূর্ববর্তী কৌশলপত্র বাস্তবায়নের ক্ষেত্রে গৃহীত বিবিধ অংশীজনের অংশগ্রহণে পরিকল্পনা, নিয়োজন ও পরিবীক্ষণের ক্ষেত্রে কৌশলপত্র ২০২১-২০২৫ অবিচল রয়েছে।

অধ্যায় ২

কৌশলপত্র (২০২১-২০২৫): একটি কৌশলগত পর্যালোচনা[৪০]

পূর্ববর্তী কৌশলপত্র (২০১২-১৬) বাস্তবায়নের প্রেক্ষাপট ও অভিজ্ঞতা বিশ্লেষণের ওপর ভিত্তি করে, বর্তমান কৌশলপত্র তার কৌশলগত উদ্দেশ্যের প্রাসঙ্গিকতা নিরূপণ করেছে। একইসঙ্গে, বর্তমান কৌশলপত্র শিশুশ্রম মোকাবেলা সংক্রান্ত সরকারের এসডিজি বাস্তবায়ন কৌশল অনুসরণক্রমে এর কার্যক্রম চিহ্নিত করেছে।

বর্তমান কৌশলপত্রের ভিত্তি হলো নিম্নবর্ণিত কৌশলগত দলিলসমূহ

১. সরকারের এসডিজি বাস্তবায়ন কৌশল
২. শিশুশ্রম নিরসনে এসডিজি-প্লাস কার্যক্রম যা কৌশলপত্র (২০১২-১৬)-এর সাথে সঙ্গতিপূর্ণ
৩. বাংলাদেশের শ্রম খাতের ওপর ইইউ-জিওবি জাতীয় কর্মপরিকল্পনা (চূড়ান্ত প্রক্রিয়াধীন)
৪. বাংলাদেশের শ্রম খাতের ওপর জিওবি'র রোড-ম্যাপ (চূড়ান্ত প্রক্রিয়াধীন)

২.১. জিওবি'র এসডিজি বাস্তবায়ন কৌশলের সঙ্গে যুক্ত কার্যক্রম

এসডিজি বাস্তবায়ন কৌশলের মধ্যে শিশুশ্রম মোকাবেলায় হস্তক্ষেপের ক্ষেত্রে পাঁচটি প্রাসঙ্গিক কৌশল-ক্লাস্টার রয়েছে। সুতরাং বর্তমান কৌশলপত্র ২০২১-২০২৫ জিওবি'র এসডিজি বাস্তবায়ন কৌশলপত্রে প্রতিফলিত পাঁচটি উদ্দেশ্যকে কেন্দ্র করে গঠিত হয়েছে।

কৌশলগত উদ্দেশ্য-১. শিশুশ্রমের ঝুঁকি হ্রাসকরণ।

এটি নিম্নবর্ণিত আউটপুটগুলোর সঙ্গে সংশ্লিষ্ট:

আউটপুট: ১.১ পিতা-মাতা, জনসাধারণ, সুশীল সমাজের মধ্যে শিশুশ্রমের বিষয়ে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি।

আউটপুট: ১.২ গ্রামীণ ও শহুরে কেন্দ্রগুলোর দরিদ্র পরিবারের শিশুদের জন্য বিশেষ বিদ্যালয়-সুবিধা সহকারে উদ্বুদ্ধকরণ ও আর্থিক সহায়তা/উপবৃত্তির ব্যবস্থা গ্রহণ (TVET, NFE)।

আউটপুট: ১.৩ শিশুশ্রমের ঝুঁকিতে থাকা শিশুর পরিবারগুলোর অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে সহায়তা প্রদান।

আউটপুট: ১.৪ নিয়োগকর্তাদের নতুন/বিকল্প প্রযুক্তি ও শ্রম-উৎস অন্বেষণে উদ্বুদ্ধকরণ।

আউটপুট: ১.৫ কেন্দ্র থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত শিশুশ্রম পরিবীক্ষণ ও মোকাবেলার জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

কৌশলগত উদ্দেশ্য-২. ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শিশুশ্রম থেকে শিশুদের প্রত্যাহার

এটি নিম্নবর্ণিত আউটপুটগুলোর সঙ্গে সংশ্লিষ্ট:

আউটপুট: ২.১ ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের তালিকা পর্যালোচনা এবং তা হালনাগাদকরণ।

আউটপুট: ২.২ চিহ্নিতকরণ ও সেবা-সংযোগ নির্দেশিকা গ্রহণ করা।

আউটপুট: ২.৩ ঝুঁকিপূর্ণ শিশুশ্রমে নিয়োজিত শিশু এবং শিশুশ্রমে নিয়োজিত মেয়েদের অগ্রাধিকার দিয়ে শ্রম থেকে প্রত্যাহারকৃত শিশুদেরকে টিভেট/এনএফই এবং বিকল্প কর্ম-নিযুক্তিসহ অর্থনৈতিক ও সামাজিক সহায়তা প্রদান।

---

[৪০] বিবিধ অংশিজনের সঙ্গে ধারাবাহিকভাবে পরামর্শক্রমে কৌশলগত নির্দেশনা (strategic guidelines) প্রণীত হয়েছে। মোল ও ডিআইএফই'র নেতৃত্বে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ কর্তৃক এ-সংশ্লিষ্ট প্রক্রিয়া পরিচালিত হয়েছে, ইনসিডিন বাংলাদেশ এবং উইনরক ইন্টারন্যাশনালের ক্লাইম্ব প্রকল্পের সহায়তায়।

আউটপুট: ২.৪ পিতা-মাতার যত্নহীন শিশুদের জন্য আশ্রয়ের ব্যবস্থা করা।

আউটপুট: ২.৫ প্রত্যাহারকৃত শিশুদের পরিবারকে অর্থনৈতিক ক্ষমতায়নের জন্য সহায়তা প্রদান।

কৌশলগত উদ্দেশ্য-৩. কর্মক্ষেত্রে শিশুদের সুরক্ষায় বর্ধিত ক্ষমতা।

এটি নিম্নবর্ণিত আউটপুটগুলোর সঙ্গে সংশ্লিষ্ট:

আউটপুট: ৩.১ শিশুশ্রম পরিবীক্ষণের জন্য প্রতিষ্ঠানগুলোকে অপ্রাতিষ্ঠানিক খাত সহযোগে শক্তিশালীকরণ।

আউটপুট: ৩.২ আইন ও সুরক্ষা বিষয়ক বিধানসমূহের প্রয়োগ জোরদারকরণ।

আউটপুট: ৩.৩ শ্রমে নিয়োজিত শিশুদের সুস্থ বিকাশের জন্য শিক্ষা, দক্ষতা ও অর্থনৈতিক সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে তাদের সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ।

আউটপুট: ৩.৪ অপ্রাতিষ্ঠানিক খাতে শিশুদের জন্য প্রণীত আচরণ-বিধি ও গৃহীত সুরক্ষা রীতি-নীতি জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করা।

কৌশলগত উদ্দেশ্য-৪. অংশীদারত্ব ও বহু খাতের সম্পৃক্তি।

এটি নিম্নবর্ণিত আউটপুটগুলোর সঙ্গে সংশ্লিষ্ট:

আউটপুট: ৪.১ শ্রমে নিয়োজিত শিশুদের কল্যাণার্থে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (NCLWC)-এর মাধ্যমে সংশ্লিষ্ট অংশীজন ও খাতসমূহের মধ্যে সমন্বয়সাধন।

আউটপুট: ৪.২ কৌশলপত্র বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক সম্মেলন আয়োজন (সাফল্য উদযাপন এবং কৃতীদেরকে পুরস্কার/ স্বীকৃতি প্রদান)।

আউটপুট: ৪.৩ সম্পদ আহরণ ও কৌশলপত্র বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, সিএসও, ব্যক্তি খাত ও গণমাধ্যমের সম্পৃক্ততা বৃদ্ধি করা।

কৌশলগত উদ্দেশ্য-৫. কৌশলপত্র বাস্তবায়নের ক্ষেত্রে পরিবীক্ষণ ও মূল্যায়ন।

এটি নিম্নবর্ণিত আউটপুটগুলোর সঙ্গে সংশ্লিষ্ট:

আউটপুট: ৫.১ শিশুশ্রমের ডেটাবেজ তৈরি করা।

আউটপুট: ৫.২ জাতীয় শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পর্যাবৃত্ত পরিবীক্ষণ সম্পাদন ও প্রতিবেদন প্রদান।

আউটপুট: ৫.৩ জাতীয় শিশুশ্রম জরিপ।

আউটপুট: ৫.৪ এপিএ বাস্তবায়নের মধ্য-মেয়াদি (২০২১) এবং চূড়ান্ত (২০২৫) মূল্যায়ন।

বিভিন্ন আলোচনায় প্রাপ্ত পরামর্শ অনুসারে, এসডিজি মাইলফলকের সঙ্গে সামঞ্জস্য রেখে বর্তমান কৌশলপত্র ২০২৫ সালের মধ্যে সকল প্রকার শিশুশ্রম নিরসনের প্রাথমিক লক্ষ্য নির্ধারণ করেছে। এভাবে কৌশলপত্র বাংলাদেশ সরকারের এসডিজি বাস্তবায়ন পরিকল্পনার সঙ্গে সমন্বিত। নিম্নবর্ণিত ম্যাট্রিক্স কৌশলপত্রের কৌশলগত উদ্দেশ্য এবং আউটপুটগুলোর সঙ্গে এসডিজি'র লক্ষ্যসমূহের যোগাযোগ রয়েছে।

কৌশলপত্র (২০২১-২০২৫)	এসডিজি-লক্ষ্যসমূহ	ফোক্যাল অ্যাজেন্সি
কৌশলগত উদ্দেশ্য - ১ শিশুশ্রমে ক্ষতিগ্রস্ততা হ্রাসকরণ		
আউটপুট : ১.১	৮.৭.১, ৪.১.১, ১৬.১০.২	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়
আউটপুট : ১.২	৮.৭.১, ৪.৫.১, ৪.২.১-৪.২.৬, ৪.২১, ৪.৩১, ৪.৫.১, ৪.৬.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়
আউটপুট : ১.৩	৮.৭.১, ১.১.১, ১.২.২, ১.৩.১, ১.৪.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ
আউটপুট : ১.৪	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ১.৫	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কৌশলগত উদ্দেশ্য - ২ ঝুঁকিপূর্ণ ও নিকৃষ্ট ধরনের শ্রম থেকে শিশুদের প্রত্যাহার		
আউটপুট : ২.১	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ২.২	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ২.৩	৮.৭.১, ৪.৩.১, ১.১.১, ১৬.২.২	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আউটপুট : ২.৪	৫.৪.১	সমাজকল্যাণ মন্ত্রণালয়
আউটপুট : ২.৫	১.১.১	মন্ত্রিপরিষদ বিভাগ
কৌশলগত উদ্দেশ্য - ৩ কর্মক্ষেত্রে শিশুদের সুরক্ষার লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি		
আউটপুট : ৩.১	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৩.২	৮.৭.১, ৪.এ.১, ৫.১.১, ৫.২.১, ৫.৩.১, ৫.সি.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
আউটপুট : ৩.৩	৮.৭.১, ৪.৬.১, ৫.৪.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়

কৌশলগত উদ্দেশ্য - ৪ অংশীদারিত্ব এবং বহু-খাতভিত্তিক কর্মসম্পৃক্তি		
আউটপুট : ৪.১	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৪.২	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৪.৩	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কৌশলগত উদ্দেশ্য - ৫ কৌশলপত্রের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন		
আউটপুট : ৫.১	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৫.২	৮.৭.১ , ১৭.১৮.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
আউটপুট : ৫.৩	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আউটপুট : ৫.৪	৮.৭.১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২.২. শিশুশ্রম নিরসনে এসডিজি-প্লাস কার্যক্রম

কৌশলপত্র ২০২১-২০২৫-এর আওতাভুক্ত এসডিজি-প্লাস কার্যক্রমে কিছু কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে, যা জিওবি'র এসডিজি কর্মপরিকল্পনায় নেই কিন্তু বাংলাদেশে ২০২১ সালের মধ্যে নিকৃষ্ট ধরনের এবং ২০২৫ সালের মধ্যে সকল ধরনের শিশুশ্রম নিরসনের লক্ষ্য অর্জনের ক্ষেত্রে যা অত্যন্ত গুরুত্ববহ। পূর্ববর্তী কৌশলপত্র (২০১২-২০১৬)-এর তালিকা থেকে এইসব কার্যক্রম গৃহীত হয়েছে। কৌশলপত্র (২০১২-২০১৬)-তে হস্তক্ষেপণযোগ্য নয়টি কৌশলগত ক্ষেত্র প্রস্তুতকৃত রয়েছে। হস্তক্ষেপণযোগ্য নয়টি কৌশলগত ক্ষেত্রের প্রতিটির মূল আউটপুটগুলোর একটি সংক্ষিপ্ত তালিকা নিম্নরূপ:

কৌশলগত ক্ষেত্র ও আউটপুট

১. **নীতি বাস্তবায়ন এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন**

১.১ কৌশলপত্র এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের তালিকা পর্যালোচনা এবং হালনাগাদকরণ।

১.২ শিশুশ্রম নিরসন সংক্রান্ত নীতিসমূহ বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন।

১.৩ কৌশলপত্রের কার্যকর বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ।

২. **শিক্ষা**

২.১ শ্রমজীবী ও দরিদ্র শিশুদের জন্য শিক্ষা-সুবিধা ও সুযোগ নিশ্চিত।

২.২ শ্রমজীবী কিশোর-কিশোরী এবং তাদের পিতা-মাতার জন্য কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি।

২.৩ প্রশিক্ষণ ও সামাজিক নেটওয়ার্কের মাধ্যমে শিশুদের সামাজিকভাবে ক্ষমতায়ন।

৩. **স্বাস্থ্য ও পুষ্টি**

৩.১ শ্রমজীবী শিশুদের পরিবার বা শিশুদের শ্রমে নিয়োজনের ঝুঁকিতে থাকা পরিবারগুলোর স্বাস্থ্য ও পুষ্টি শিক্ষার সুযোগ নিশ্চিত করা।

৩.২ স্বাস্থ্যসেবার সুযোগ নিশ্চিত করা।

৪. **সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং উদ্বুদ্ধকরণ**

